মিত্র। সখি। সুহৃদ্।

সখ্যভাবের নাম।

সখ্য। সাপ্তপদীন।

আরাধ্য বস্তুর অভিলাষ সম্পাদনের নাম।

অনুরোধ। অনুবর্ত্তন।

রাজার চরের নাম।

যথার্হবর্ণ। প্রণিধি। অপসর্প। চর। স্পশ। চার। গূঢ়পুরুষ।

রাজার বিশ্বাসপাত্রের নাম।

আপ্ত। প্রত্যয়িত।

জ্যোতির্বেত্তা পুরুষের নাম।

সাংবৎসর। জ্যৌতিষিক। দৈবজ্ঞ। গণক। মৌহূর্ত্তিক। মৌহূর্ত্ত। জ্ঞানিন্। কার্ত্তান্তিক।

শাস্ত্র তত্ত্বজ্ঞ পুরুষের নাম।

তান্ত্রিক। জ্ঞাতসিদ্ধান্ত।

গৃহস্থের নাম।

শত্রিন্। গৃহপতি।

লেখক পুরুষের নাম।

লিপিকর। অক্ষরচন। অক্ষরচঞ্চু। লেখক।

লেখার নাম।

লিখিত। অক্ষরসংস্থান।

অক্ষরের নাম।

লিপি। লিবি।

দূত পুরুষের নাম।

শন্দেশহর। দূত।

দূত কর্ম্মের নাম।

দূত্য। দৌত্য।

পথিক পুরুষের নাম।

অধ্বনীন। অধ্বগ। অধ্বন্য। পান্থ। পথিক।

রাজ্যাঙ্গের নাম।

রাজ্যাঙ্গ। প্রকৃতি। পৌরশ্রেণী।

রাজার ছয় গুণের নাম।

সন্ধি। বিগ্রহ। যান। আসন। দ্বৈধ। আশ্রয়।

রাজার শক্তির নাম।

প্রভাব। অর্থাৎ বীর্য্য। উৎসাহ। অর্থাৎ উদ্যম।

মন্ত্র অর্থাৎ মন্ত্রণা।

রাজারদিগের ত্রিবর্গের নাম।

ক্ষয়। স্থান। অর্থাৎস্থিতি। বৃদ্ধি। অর্থাৎলাভ।

রাজাসকলের উৎকট তেজের নাম।

সপ্রতাপ। প্রভাব।

রাজাসকলের চারি উপায়ের নাম।

ভেদ। দণ্ড। সামন্। দান।

স্বার্থ সম্পাদক কারণের নাম।

উপায়।

রাজাসকলের দ্বিতীয় উপায় দণ্ডের নাম।
সাহস। দম। দণ্ড।
তৃতীয় উপায় সামের নাম।
সামন্। সান্ত্ব।
চতুর্থ উপায় ভেদের নাম।
ভেদ। উপজাপ।
ধর্ম্মার্থ কামনাদ্বারা মন্ত্রিসকলের পরীক্ষণের নাম।
উপধা।
রাজাসকলের দুই মন্ত্রির সহিত মন্ত্রণার নাম।
অষড়ক্ষীণ।
নির্জ্জন স্থানের নাম।
বিবিক্ত। বিজন। ছন্ন। নিঃশলাক। রহস্। উপাংশু।
গোপন স্থানোদ্ভব কর্ম্মের নাম।
রহস্য।
বিশ্বাসের নাম।
বিশ্রম্ভ। বিশ্বাস।
যথোচিত আচারহইতে অধঃপতনের নাম।
ভ্রেষ। ভ্রংশ।
যথোচিত আচরণের নাম।
অভ্রেষ। ন্যায়। কল্প। দেশরূপ। সমঞ্জস।

ন্যায্য বস্তুর নাম।

যুক্ত। ঔপয়িক। লভ্য। ভজমান। অভিনীত।

ন্যায্য।

আজ্ঞার নাম।

অববাদ। নির্দ্দেশ। নিদেশ। শাসন। শিষ্টি।

আজ্ঞা।

মর্য্যাদার নাম।

মর্য্যাদা। অর্থাৎন্যায়পথস্থিতি। সংস্থা। ধারণা।

স্থিতি।

অপরাধের নাম।

আগস্। অপরাধ। মন্তু।

বন্ধনের নাম।

উদ্দান। বন্ধন।

দ্বিগুণ দণ্ডের নাম।

দ্বিপাদ্য।

রাজস্বের নাম।

ভাগধেয়। কর। বলি।

ঘাট পারাবার দেয় মূল্যের নাম।

শুল্ক।

রাজভেটির নাম।

প্রাভৃত। প্রদেশন। উপায়ন। উপগ্রাহ্য। উপহার। উপদা।

যৌতুকের নাম।

যৌতুক। দায়। হরণ।

সম্ভূতির নাম।

তদাত্ব। তৎকাল।

উত্তর কালের নাম।

আয়তি। উত্তরকাল।

তৎক্ষণাৎ ফলের নাম।

সাংদৃষ্টিক।

উত্তর ফলের নাম।

উদর্ক।

অগ্নি জলাদি জন্য ভয়ের নাম।

অদৃষ্ট।

স্বরাজ্যে চৌর ভয় এবং পররাজ্যে অগ্নি ভয়ের নাম।

দৃষ্ট।

রাজজন্য ভয়ের নাম।

অহিভয়।

রাজার চামরব্যজন আর ছত্রধারণাদি ব্যাপারের নাম।

প্রক্রিয়া। অধিকার।

চামরের নাম।

চামর। প্রকীর্ণক।

নৃপাসন সামান্যের নাম।

নৃপাসন। ভদ্রাসন। সিংহাসন।

সামান্য ছত্রের নাম।

ছত্র। আতপত্র।

রাজার ছত্রের নাম।

নৃপলক্ষ্মণ।

পূর্ণ কুম্ভের নাম।

ভদ্রকুম্ভ। পূর্ণকুম্ভ।

স্বর্ণ নির্ম্মিত কুম্ভের নাম।

ভৃঙ্গার। কনকালুকা।

আগন্তুক সৈন্যের বাস স্থানের নাম।

নিবেশ। শিবির।

সৈন্যের গোপন স্থানের নাম।

সজ্জন। উপরক্ষণ।

হস্তি অশ্ব রথ পদাতি এই সকলের নাম।

সেনাঙ্গ।

হস্তির নাম।

দন্তিন্। দন্তাবল। হস্তিন্। দ্বিরদ। অনেকপ। দ্বিপ। মতঙ্গজ। গজ। নাগ। কুঞ্জর। বারণ। করিন্। ইভ। স্তম্বেরম। পদ্মিন্।

হস্তিসমূহের প্রধানের নাম।

যূথনাথ। যূথপ।

অন্তর মত্ত হস্তির নাম।

মদোৎকট। মদকল।

হস্তি শিশুর নাম।

করভ। কলভ। করিশাবক।

মত্ত হস্তির নাম।

প্রভিন্ন। গর্জ্জিত। মত্ত।

মত্ততাশূন্য হস্তির নাম।

উদ্বান্ত। নির্ম্মদ।

হস্তিসমূহের নাম।

হাস্তিক। গজতা।

হস্তিনীর নাম।

করিণী। ধেনুকা। বশা।

মদনির্ঝর স্থানের নাম।

গণ্ড। কট।

হস্তিমদের নাম।

মদ। দান।

হস্তিসকলের শুণ্ডনির্গত জলকণার নাম।

বমথু। করশীকর।

হস্তিমস্তকস্থিত কুম্ভের নাম।

কুম্ভ। পিণ্ড।

হস্তিমস্তকস্থিত কুম্ভদ্বয়ের মধ্য ভাগের নাম।

বিদু।

হস্তিললাটের নাম।

অবগ্রহ। ললাট।

হস্তির চক্ষুর গোলের নাম।

ঈষিকা। ইষিকা। অক্ষিকূটক।

হস্তির চক্ষুর অন্তর্দ্বয়ের নাম।

অপাঙ্গদেশ। নির্যাণ।

হস্তির কর্ণমূলের নাম।

কর্ণমূল। চূলিকা।

হস্তিকুম্ভের অধোভাগের নাম।

বাহিথ।

হস্তির দন্তদ্বয়ের মধ্যভাগের নাম।

প্রতিমান।

হস্তির স্কন্ধদেশের নাম।

আসন।

হস্তিরমুখনির্গত শ্বেতবর্ণ বিন্দুসমূহের নাম।

পদ্মক। বিন্দুজালক।

হস্তির পার্শ্বভাগের নাম।

পক্ষভাগ। পার্শ্বভাগ।

হস্তিরমুখঅবধি স্কন্ধদেশপর্য্যন্ত ভাগের নাম।

দন্তভাগ।

হস্তি পূর্ব্বজঙ্ঘাপ্রভৃতিদেশের নাম।

গাত্র।

হস্তির পশ্চিম জঙ্ঘাপ্রভৃতিদেশের নাম।

অবর।

হস্তিপ্রেরণনিমিত্ত লৌহাগ্রবংশনির্ম্মিত দণ্ডের নাম।

তোত্র। বৈণুক।

হস্তিবন্ধনস্তম্ভের নাম।

আলান। বন্ধস্তম্ভ।

হস্তিবন্ধনশিকলের নাম।

শৃঙ্খল। অন্দুক। নিগড়।

হস্তিদমননিমিত্ত লৌহাদিনির্ম্মিত অস্ত্র বিশেষের নাম।

অঙ্কুশ। শৃণি।

হস্তির মধ্যদেশে বন্ধন দড়ির নাম।

চূষা। কক্ষা। বরত্রা।

আরোহণ নিমিত্ত হস্তিসজ্জার নাম।

কল্পনা। সজ্জনা।

হস্তির পৃষ্ঠদেশস্থিত চিত্র বিচিত্র কম্বলের নাম।

প্রবেণী। আস্তরণ। বর্ণ। পরিস্তোম। কুথ।

যুদ্ধে অক্ষম হস্তি এবং ঘোটকের নাম।

বীত।

হস্তিবন্ধননিমিত্ত পরিখা অর্থাৎ গড়ের নাম।

বারী। গজবন্ধনী।

ঘোটকের নাম।

ঘোটক। পীতিন। তুরগ। তুরঙ্গ। অশ্ব। তুরঙ্গম। বাজিন। বাহ। অর্ব্বন্। গন্ধর্ব্ব। হয়। সৈন্ধব। সপ্তি।

উত্তম ঘোটকের নাম।

আজানেয়। কুলীন।

শোভন বহনস্বভাব ঘোটকের নাম।

বিনীত। সাধুবাহিন্।

ঘোটকবিশেষের নাম।

বানায়ুজ। পারশীক। কাম্বোজ। বাহ্লিক।

অশ্বমেধ যজ্ঞের অশ্বের নাম।

যযু। অশ্বমেধীয়।

বেগাধিক অশ্বের নাম।

জবন। জবাধিক।

বেটো ঘোড়ার নাম।

পৃষ্ঠ্য। স্থৌরিন্।

শুক্লবর্ণ অশ্বের নাম।

সিতাশ্ব। কার্ক।

রথবাহক অশ্বের নাম।

রথ্য।

শিশু অশ্বের নাম।

বাল। কিশোর।

অশ্বভার্য্যার নাম।

বামী। অশ্বা। বড়বা।

অশ্বের স্ত্রীসমূহের নাম।

বাড়ব।

অশ্বদ্বারা একদিনগমনযোগ্য পথের নাম।

আশ্বীন।

অশ্বের মধ্যভাগের নাম।

কশ্য।

অশ্বের ধ্বনির নাম।

হেষা। হ্রেষা।

ঘোটকের গলার নিকটের নাম।

নিগাল।

অশ্বসমূহের নাম।

অশ্বীয়। আশ্ব।

অশ্বের পৃথক্‌ গতিবিশেষের নাম।

আস্কন্দিত। ধৌরিতক। রেচিত। বল্গিত। প্লুত।

এই সমুদায় গতির নাম।

ধারা।

অশ্ব নাসিকার নাম।

প্রোথ।

অশ্বের গলদেশস্থিত কড়িয়ালের নাম।

করিকা। খলীন।

সামান্য খুরের নাম।

শফ। খুর।

লাঙ্গূল সামান্যের নাম।

পুচ্ছ। লূমন্‌। লাঙ্গূল।

কেশযুক্ত লাঙ্গূল সামান্যের নাম।

বালহস্ত। বালধি।

পুনঃপুনঃ ভুবি লোটা ঘোড়ার নাম।

উপাবৃত্ত। লুঠিত।

রথের নাম।

যান। চক্রিন্‌। শতাঙ্গ। স্যন্দন। রথ।

বাহনশূন্য অথচ গতিযুক্ত রথের নাম।

পুষ্পরথ।

মনুষ্যের স্কন্ধবাহ্য রথের নাম।

কর্ণীরথ। প্রবহণ। হয়ন।

গাড়ির নাম।

অনস্। শকট।

গরুর গাড়ির নাম।

গন্ত্রী। কম্বলিবাহ্যক।

বস্ত্রাদিবেষ্টিত ডুলির নাম।

শিবিকা। যাপ্যযান।

দোলার নাম।

দোলা। প্রেঙ্খাদিকা।

ব্যাঘ্রচর্ম্মেতে আবৃত রথের নাম।

দ্বৈপ। বৈয়াঘ্র।

হরিদ্রাবর্ণ বনাতে আবৃত রথের নাম।

পাণ্ডুকম্বলিন্।

কম্বলেতে আবৃত রথের নাম।

কাম্বল।

বস্ত্রেতে আবৃত রথের নাম।

বাস্ত্রইত্যাদি।

রথসমূহের নাম।

রথ্যা। রথকড্যা। রথবৃজ।

রথাদির অগ্রভাগের নাম।

ধুর্। যানমুখ।

রথের যুগচক্রাদির নাম।

রথাঙ্গ। অপস্কর।

রথচক্রের নাম।

চক্র। চক্রাঙ্গ।

চক্রের অন্তের নাম।

নেমি। প্রধি।

রথের মধ্যে চক্রাকার কাষ্ঠের নাম।

পিণ্ডিকা। নাভি।

রথের অগ্রবর্ত্তি খোঁটার নাম।

অক্ষাগ্রকীলক। অণি।

রথের চোরা চাকার নাম।

রথগুপ্তি। বরূথ।

রথের অশ্ববন্ধন কাষ্ঠের নাম।

কূবর। যুগন্ধর।

রথের অধোভাগস্থিত কাষ্ঠের নাম।

অনুকর্ষ।

রথের অগ্রবর্ত্তিক্ষুদ্র গোঁজের নাম।

প্রাসঙ্গ।

বাহন সামান্যের নাম।

বাহন। যান। যুগ্য। পত্র। ধোরণ।

পরম্পরা বাহনের নাম।

বৈনীতক।

হাতির মাউতের নাম।

আধোরণ। হস্তিপক। হস্ত্যারোহ। নিষাদিন্।

সারথির নাম।

নিয়ন্তৃ। প্রাজিতৃ। যন্তৃ। সূত। ক্ষত্তৃ। সারথি। সর্ব্বেষ্টৃ। দক্ষিণস্থ। রথকুটুম্বিন্।

রথস্থিত পুরুষের নাম।

রথিন্। স্যন্দনারোহ।

অশ্বের উপরস্থিত পুরুষের নাম।

অশ্বারোহ। সাদিন্।

যোদ্ধার নাম।

ভট। যোধ। যোদ্ধৃ।

সেনারক্ষকের নাম।

সেনারক্ষ। সৈনিক।

সেনামধ্যগত হস্তি অশ্বাদির নাম।

সৈন্য। সৈনিক।

সহস্র সংখ্যা পরিমিত গজাদি সৈন্যবন্ত পুরুষের নাম।

বলিন্। সাহস্র। সহস্রিন্।

যুদ্ধসময়ে পরের প্রহারহইতে রথ রক্ষাকর্ত্তার নাম।

পরিধিস্থ। পরিচর।

সেনাপতির নাম।

সেনানী। বাহিনীপতি।

সেনার বস্ত্রাদিনির্ম্মিত জামার নাম।

কঞ্চুক। বারবাণ।

সেনার কোমরবন্ধের নাম।

সারসন। অধিকাঙ্গ।

সেনার মাথার টুপির নাম।

শীর্ষক। শীর্ষণ্য। শিরস্ত্র।

সেনার সর্ব্বাঙ্গরক্ষক লৌহাদিনির্ম্মিত সাজোয়ার নাম।

তনুত্র। বর্ম্মন্। দংশন। উরশ্ছদ। কঙ্কটক। জগর। কবচ।

সেনার গলবদ্ধ বস্ত্রাদির নাম।

আমুক্ত। প্রতিমুক্ত। পিনদ্ধ। অপিনদ্ধ।

কবজযুক্তপুরুষের নাম।

সন্নদ্ধ। বর্ম্মিত। সজ্জ। দংশিত। উঢ়কঙ্কট।

কবজযুক্ত পুরুষসমূহের নাম।

কাবচিক।

পদাতি অর্থাৎ পেয়াদার নাম।

পদাতি। পত্তি। পদগ। পাদাতিক। পদাজি। পদগ্। পদিক।

পেয়াদাসমূহের নাম।

পাদাত। পত্তিসংহতি।

যুদ্ধজীবিক ব্যক্তির নাম।

শস্ত্রাজীব। কাণ্ডপৃষ্ঠ। আযুধীয়। আয়ুধিক।

সুশিক্ষিত বাণত্যাগকর্ত্তার নাম।

কৃতহস্ত। সুপ্রযোগবিশিখ। কৃতপুঙ্খ।

লক্ষ বিদ্ধ করিতে অসমর্থ পুরুষের নাম।

অপরাদ্ধপৃষৎক্।

ধনুর্দ্ধারি পুরুষের নাম।

ধন্বিন। ধনুষ্মৎ। ধানুষ্ক। নিষঙ্গিন্। ধনুর্দ্ধর।

বাণযুক্ত পুরুষের নাম।

কাণ্ডবৎ। কাণ্ডীর।

শক্তি অস্ত্র সুশিক্ষিত ব্যক্তির নাম।

শাক্তিহেতিক। শাক্তীক।

যষ্টিযুক্ত পুরুষের নাম।

যাষ্টীক। যষ্টিহেতি।

পরশু অস্ত্রযুক্ত পুরুষের নাম।

পারশ্বধিক। পরশুহেতিক।

খড়্গযুক্ত পুরুষের নাম।

নৈস্ত্রিংশিক। অসিহেতি।

কুন্ত অস্ত্রযুক্ত পুরুষের নাম।

পাশিক। কৌন্তিক।

ঢালিপুরুষের নাম।

চর্ম্মিন্। ফলকপাণি।

পতাকাযুক্ত পুরুষের নাম।

পতাকিন্। বৈজয়ন্তিক।

সহায় সামান্যের নাম।

অনুপ্লব। সহায়। অনুচর। অভিসর।

অগ্রগামি পুরুষের নাম।

পুরোগ। অগ্রেসর। প্রষ্ঠ। অগ্রতঃসর। পুরঃসর।
পুরোগম। পুরোগামিন্।

মন্দগামি ব্যক্তির নাম।

মন্দগামিন্। মন্থর।

অতি বেগবান পুরুষের নাম।

জঙ্ঘাল। অতিজব।

ধাউড়ের নাম।

জঙ্ঘাকরিক। জাঙ্ঘিক।

বেগযুক্ত মাত্রের নাম।

ত্বরস্বিন্। ত্বরিত। বেগিন্। প্রুজবিন্। জবন। জব।

অবশ্য জয়যুক্ত ব্যক্তির নাম।

জয্য।

জয়ের যোগ্যতাযুক্ত ব্যক্তির নাম।

জেয়।

জয়কর্ত্তামাত্রের নাম।

জৈত্র। জেতা।

শত্রুর প্রতি অতিশয় গমনশীল ব্যক্তির নাম।

অভ্যমিত্র্য। অভ্যমিত্রীয়। অভ্যমিত্রীণ।

অতিশয় বলবান্ ব্যক্তির নাম।

উর্জ্জস্বল। উর্জ্জস্বিন্।

প্রশস্ত বক্ষস্থল পুরুষের নাম।

উরস্বৎ। উরসিল।

রথস্বামির নাম।

রথিক। রথিল্। রথিন্।

যথাভিলষিত গমনশীল ব্যক্তির নাম।

কামঙ্গামিন। অনুগামীন।

অতিশয় গমনশীল ব্যক্তির নাম।

অত্যন্তীন।

বীরের নাম।

শূর। বীর। বিক্রান্ত।

জয়শীল ব্যক্তির নাম।

জেতৃ। জিষ্ণু। জিত্বর।

যুদ্ধকুশল ব্যক্তির নাম।

সাংযুগীন।

সেনার নাম।

ধ্বজিনী। বাহিনী। সেনা। পৃতনা। অনীকিনী। চমূ। বরূথিনী। বল। সৈন্য। চক্র। অনীক।

সৈন্যের পরিপাটীরূপ স্থাপনের নাম।

ব্যূহ। বলবিন্যাস।

ব্যূহ বিশেষের নাম।

দণ্ডইত্যাদি।

ব্যূহের পশ্চাদ্ভাগের নাম।

প্রত্যাসার। ব্যূহপার্ষ্ণি।

সেনার পশ্চাদ্ভাগের নাম।

পরিগ্রহ।

সেনা বিশেষের নাম।

এক হস্তী এক রথ তিনঅশ্ব পঞ্চপদাতি।

এই সকলের নাম।

পত্তি।

তিন পত্তির নাম।

সেনামুখ।

তিন সেনামুখের নাম।

গুল্ম।

তিন গুল্মের নাম।

গণ।

তিন গণের নাম।

বাহিনী।

তিন বাহিনীর নাম।

পৃতনা।

তিন পৃতনার নাম।

চমূ।

তিন চমূর নাম।

অনীকিনী।

দশ অনীকিনীর নাম।

অক্ষৌহিণী।

সেনামুখাদির প্রত্যেক সংখ্যা।

সেনামুখ	৩০	গুল্ম	৯০
হস্তী	৩	হস্তী	৯
রথ	৩	রথ	৯
অশ্ব	৯	অশ্ব	২৭
পদাতি	১৫	পদাতি	৪৫
	৩০		৯০

গণ	২৭০	বাহিনী	৮১০
হস্তী	২৭	হস্তী	৮১
রথ	২৭	রথ	৮১
অশ্ব	৮১	অশ্ব	১৪৩
পদাতি	১৩৫	পদাতি	৪০৫
	২৭০		৮১০

পৃতনা	২৪৩০	চমূ	৭২৯০
হস্তী	২৪৩	হস্তী	৭২৯
রথ	২৪৩	রথ	৭২৯
অশ্ব	৭২৯	অশ্ব	২২৮৭
পদাতি	১২১৫	পদাতি	৩৬৪৫
	২৪৩০		৭২৯০

অনীকিনী	২১৮৭০	অক্ষৌহিণী	২১৮৭০০
হস্তী	২১৮৭	হস্তী	২১৮৭০
রথ	২১৮৭	রথ	২১৮৭০
অশ্ব	৬৫৬১	অশ্ব	৬৫৬১০
পদাতি	১০৯৩৫	পদাতি	১০৯০৫০
	২১৮৭০		২১৮৭০০

সম্পদের নাম।

সম্পদ্। সম্পত্তি। শ্রী। লক্ষ্মী।

বিপদের নাম।

বিপত্তি। বিপদ্। আপদ্।

শস্ত্রের নাম।

আয়ুধ। প্রহরণ। শস্ত্র। অস্ত্র।

ধনুকের নাম।

ধনুস্। চাপ। ধন্বন্। শরাসন। কোদণ্ড। কার্ম্মুক ইষ্বাস।

কর্ণের ধনুকের নাম।

কালপৃষ্ঠ।

অর্জ্জুনের ধনুকের নাম।

গাণ্ডীব। গাণ্ডিব।

ধনুকের হুলের নাম।

কোটি। অটনী।

ধনুকের জ্যাঘাতবারণার্থ বাহুপট্টিকার নাম।

গোধা। তলা। জ্যাঘাতবারণ।

ধনুকের মধ্যভাগের নাম।

লম্ভক।

ধনুকের গুণের নাম।

মৌর্ব্বী। জ্যা। শিঞ্জিনী। গুণ।

ধনুর্দ্ধর ব্যক্তির স্থানের নাম।

প্রত্যালীঢ়। আলীঢ়। সমপদ। বিশাখ। মণ্ডল।

লক্ষের নাম অর্থাৎ বিদ্ধ বস্তুর নাম।

লক্ষ। লক্ষ্য। শরব্য।

বাণ অভ্যাসের নাম।

শরাভ্যাস। উপাসন।

বাণের নাম।

পূষৎক। বাণ। বিশিখ। অজিম্মগ। খগ। আশুগ। কলম্ব। মার্গণ। শর। পত্রিন্। রোপ। ইষু।

লৌহময় নারাচ অস্ত্রের নাম।

প্রক্ষেড়ন। নারাচ।

শরের পালকের নাম।

পক্ষ। বাজ।

ক্ষিপ্ত বাণের নাম।

নিরস্ত।

বিষাক্ত বাণের নাম।

দিগ্ধ। লিপ্তক।

বাণের তূণের নাম।

তূণ। উপাসঙ্গ। তূণীর। নিষঙ্গ। ইষুধি। তূণী।

খড়্গের নাম।

খড়্গ। নিস্ত্রিংশ। চন্দ্রহাস। অসি। রিষ্টি। কৌক্ষেয়ক। মণ্ডলাগ্র। করবাল। কৃপাণ।

খড়্গাদির মুষ্টির নাম।

ৎসরু।

খড়্গাদির মুষ্টি বন্ধন রজ্জুর নাম।

মেখলা।

চর্ম্মাদিনির্ম্মিত ঢালের নাম।

ফলক। ফল। চর্ম্মন্।

ঢালের মুষ্টির নাম।

সংগ্রাহ।

লৌহমুদ্গরের নাম ।

দ্রুঘণ। মুদ্গর। ঘন।

একধার ছুরীর নাম ।

ঈলী। করপালিকা।

মহা খড়্গের নাম।

ভিন্দিপাল। মৃগ।

ডাঙ্গস অস্ত্রের নাম।

পরিঘ। পরিঘাতন। লগুড় ইত্যর্থ।

কুঠারের নাম।

কুঠার। স্বধিত।

টাঙ্গির নাম।

পরশু। পরশ্বধ।

ছুরী অস্ত্রের নাম।

শস্ত্রী। অসিপুত্রী। ছুরিকা। অসিধেনুকা।

শেল অস্ত্রের নাম।

শল্য। শঙ্কু।

শাবল অস্ত্রের নাম।

সর্ব্বলা। তোমর।

কুন্ত অস্ত্রের নাম।

কুন্ত। প্রাস।

অস্ত্রাগ্র ভাগের নাম।

কোণ। পালী। অস্ত্রি। কোটি।

চতুরঙ্গ সেনার সজ্জীকরণের নাম।

সর্ব্বাভিসার। সর্ব্বৌঘ। সর্ব্বসন্নহনার্থক।

রাজারদিগে অস্ত্রধারণ দীক্ষাকালে আরতীর নাম।

লোহাভিহার।

সেনার সহিত শত্রুর অভিমুখ গমনের নাম।

অভিষেণন।

জয়ের নিমিত্ত রাজার গমনের সামান্যের নাম।

যাত্রা। বুজ্যা। অভিনির্যাণ। প্রস্থান। গমন। গম।

চতুর্দ্দিগব্যাপ্ত সৈন্যসমূহের নাম।

আসার। প্রসরণী।

প্রকৃষ্টরূপ চলিত সৈন্যের নাম।

প্রচক্র। চলিতার্থক।

শত্রুর প্রতি ভয়শূন্য বীরের গমনের নাম।

অতিক্রম।

প্রভাতে রাজাকে নিদ্রা ভঙ্গ করায় যে তার নাম।

বৈতালিক। বোধকর।

অনেকে মিলিত হইয়া চক্র ঘণ্টা লইয়া প্রভাতে রাজার স্তুতি পাঠ করে যে তাহার নাম।

চাক্রিক। ঘাণ্টিক।

বংশের স্তুতিপাঠকের নাম।

মাগধ। মধূক।

সামান্য স্তুতি পাঠক ভাটের নাম।

বন্দিন। স্তুতিপাঠক।

যুদ্ধহইতে যে পলায়ন না করে তাহার নাম।

সংসপ্তক।

ধূলির নাম।

রেণু। ধূলি। পাংশু। রজস্।

শর্করা পেষণজাত ধূলির নাম।

চূর্ণ। ক্ষোদ্।

অতিশয় ব্যাকুল সৈন্যাদির নাম।

সমুৎপিঞ্জ। পিঞ্জল।

পতাকার নাম।

পতাকা। বৈজয়ন্তী। কেতন। ধ্বজ।

সৈন্যপতনদ্বারা অতিভয়প্রদা যুদ্ধভূমির নাম।

বীরাশংসন।

অগ্রে যাইব এইরূপে পরস্পর সৈন্যের অগ্র গমন ক্রিয়ার নাম।

অহংপূর্ব্বিকা।

অহঙ্কারদ্বারা আপনার অধিক শক্তি প্রকাশন ক্রিয়ার নাম।

আহোপুরুষিকা।

পরহইতে কেবল আমি উত্তম এইরূপ পরস্পর অহঙ্কারের নাম।

অহমহমিকা।

পরাক্রমের নাম।

দ্রুবিণ। তরস্। সহস্। বল। শৌর্য্য। স্থামন্। শুষ্মন্। শক্তি। পরাক্রম। প্রাণ।

অতিশয় শক্তির নাম।

বিক্রম। অতিশক্তিতা।

যুদ্ধেতে বীরসকলের মদিরাদি পানের নাম।

বীরপান।

যুদ্ধের নাম।

যুদ্ধ। আয়োধন। জন্য। প্রধন। প্রবিদারণ। মৃধ। আস্কন্দন। সংখ্য। সমীক। সাম্পরায়িক। সমর। অনীক। রণ। কলহ। বিগ্রহ। সম্প্রহার। অভিসংপাত। কলিসংস্ফোট। সংযুগ। অভ্যামর্দ্দ। সমাঘাত। সংগ্রাম। অভ্যাগম। আহব। সমদায়। সংযৎ। সমিতি। আজি। সমিধ্। যুধ্।

বাহু যুদ্ধের নাম।

নিযুদ্ধ। বাহুযুদ্ধ।

উভয় সেনা মিলিত এককাল পরস্পর যুদ্ধের নাম।

তুমুল। রণসংকুল।

বীরের যুদ্ধেতে উৎসাহজাত শব্দের নাম।

ক্ষেড়া। সিংহনাদ।

যুদ্ধেতে এক পার্শ্বে হস্তি সজ্জনার নাম।

ঘটা।

যুদ্ধেতে যোদ্ধাসকলের পরস্পর আহ্বানবাক্যের নাম।

ক্রন্দন। যোধসংরাব।

হস্তির গর্জ্জনের নাম।

বৃংহিত।

ধনুকের শব্দের নাম।

বিস্কার।

যুদ্ধ সময়ে ঢাকের বাদ্যের নাম।

পটহ। আড়ম্বর।

বলাৎকারের নাম।

প্রসভ। বলাৎকার। হঠ।

কপট যুদ্ধের নাম।

স্খলিত। ছল।

সামান্য উপসর্গের নাম।

অজন্য। উৎপাত। উপসর্গ।

সামান্য মোহের নাম।

মূর্চ্ছা। কশ্মল। মোহ।

যুদ্ধে পীড়নের নাম।

অবমর্দ্দ। পীড়ন।

পরসৈন্যের প্রতি আক্রমণের নাম।

অভ্যবস্কন্দন। অভ্যাসাদন।

সামান্য জয়ের নাম।

বিজয়। জয়।

বৈর কর্ম্মেতে শত্রু শোধনের নাম।

বৈরশুদ্ধি। প্রতীকার। বৈরনির্য্যাতন।

সামান্য পলায়নের নাম।

প্রদ্রাব। উদ্দ্রাব। সংদ্রাব। সংদাব। বিদ্রুব। দ্রুব।

অপক্রম। উপযান।

যুদ্ধেতে ভঙ্গের নাম।

পরাজয়।

যুদ্ধেতে অন্যকর্তৃক পরাজিত পুরুষের নাম।

পরাজিত। পরাভূত।

লুক্কায়িত পুরুষের নাম।

নষ্ট। তিরোহিত।

সামান্য বধের নাম।

প্রমাপণ। নিবর্হণ। নিকারণ। বিসারণ। প্রবাসন। পরাসন। নিসূদন। নিহিংসন। নির্ব্বাসন। সংজ্ঞপন। নির্গ্রন্থন। অপাসন। নিস্তর্হণ। নিহনন। ক্ষণন। পরিবর্জ্জন। নির্ব্বাপণ। বিশষণ। মারণ। প্রতিঘাতন। উদ্বাসন। প্রমথন। ক্রথন। উজ্জাসন। আলম্ভ। পিঞ্জ। বিসর। ঘাত। উন্মন্থ। বধ।

মৃত্যুর নাম।

পঞ্চতা। কালধর্ম্ম। দিষ্টান্ত। প্রলয়। অত্যয়। অন্ত। নাশ। মৃত্যু। মরণ। নিধন।

মৃত ব্যক্তির নাম।

পরাসু। প্রাপ্তপঞ্চত্ব। পরেত। প্রেত। সংস্থিত। মৃত। প্রমীত।

শ্মশানস্থ চিতার নাম।

চিতা। চিত্যা। চিতি।

নৃত্যযুক্ত মস্তকরহিত কলেবরের নাম।

কবন্ধ।

শ্মশানের নাম।

শ্মশান। পিতৃবন।

মড়ার নাম।

কুণপ। শব।

বন্দুয়ানের নাম।

প্রগ্রহ। উপগ্রহ। বন্দি।

কারাগারের নাম।

কারা। বন্ধনালয়।

প্রাণের নাম।

অসু। প্রাণ।

প্রাণ ধারণের নাম।

জীব। অসুধারণ।

প্রাণিসকলের জীবনকাল অর্থাৎ আয়ুর নাম।

আয়ুস্। জীবিতকাল।

জবীনৌষধের নাম।

জীবাতু। জীবনৌষধ।

ইতি ক্ষত্রিয়বর্গ।

অথ বৈশ্যবর্গ।

বৈশ্যের নাম।

ঊরব্য। ঊরুজ। অর্য্য। বৈশ্য। ভূমিস্পৃশ। বিশ।

জীবনোপায়ের নাম।

আজীব। জীবিকা। বার্ত্তা। বৃত্তি। বর্ত্তন। জীবন।

বৃত্তির নাম।

কৃষি। পাশুপাল্য। বাণিজ্য।

সেবার নাম।

সেবা। শ্ববৃত্তি।

মিথ্যা কৃষিকর্ম্মের নাম।

কৃষি। অনৃত।

উঞ্ছ বৃত্তির নাম।

উঞ্ছ শীল। ঋত।

যাচিতের নাম।

মৃত।

অযাচিতের নাম।

অমৃত।

বাণিজ্যের নাম।

সত্যানৃত। বণিগ্ভাব।

ঋণগ্রহণের নাম।

ঋণ। পর্য্যুদঞ্চন। উদ্ধার।

ঋণ দানের নাম।

প্রয়োগ। কুষীদ। বৃদ্ধিজীবিকা।

যাচ্ঞাদ্বারা প্রাপ্ত দ্রব্যের নাম।

যাচ্ঞয়াপ্ত। যাচিতক।

পরিবর্ত্তনদ্বারা প্রাপ্তির নাম।

আপমিত্যক।

ধনস্বামির নাম।

উত্তমর্ণ।

খাতকের নাম।

অধমর্ণ।

বাড়িজীবনোপায় ব্যক্তির নাম।

কুষীদিক। বার্দ্ধুষিক। বৃদ্ধ্যাজীব। বার্দ্ধুষি।

কৃষকের নাম।

ক্ষেত্রাজীব। কর্ষক। কৃষক। কৃষীবল।

হৈমন্তিক ধান্যের ক্ষেত্রের নাম।

বৈহেয়।

শালিধান্যভব ক্ষেত্রের নাম।

শালেয়।

যব ভব ক্ষেত্রের নাম।

যব্য। যবক্য। যষ্টিক্য।

তিনভব ক্ষেত্রের নাম।

তিল্য। তৈলীন।

মাষভব ক্ষেত্রের নাম।

মাষ্য। মাষীণ।

শনভব ক্ষেত্রের নাম।

উম্য। ঔমীন।

অনুশস্যভব ক্ষেত্রের নাম।

অনব্য। আনবীন।

ভঙ্গিদ্বারা উদ্ভব স্থানের নাম।

ভঙ্গ্য। ভঙ্গীন।

মুগের ক্ষেত্রের নাম।

মৌদ্‌গীন।

কোদোধান্য ক্ষেত্রের নাম।

কৌদ্রুবীন।

বিচত্তলার নাম।

বীজাকৃত। উপ্তকৃষ্ট।

একবার চসা ভূমির নাম।

সীত্য। কৃষ্ট। হল্য।

তিনবার চাস দেওয়া ভূমির নাম।

ত্রিগুণাকৃত। তৃতীয়াকৃত। ত্রিহল্য। ত্রিসীত্য।

দুই চাস দেওয়া ভূমির নাম।

দ্বিগুণাকৃত। দ্বিতীয়াকৃত। দ্বিহল্য। দ্বিসীত্য। সম্বা কৃত।

দ্রোণ পরিমিত ধান্যবপন ক্ষেত্রের নাম।

দ্রৌণিক।

আঢ়ক পরিমিত ধান্য বপনযোগ্য ভূমির নাম।

আঢ়কিক।

খারী পরিমিত ধান্যবপন যোগ্য ভূমির নাম।

খারীবাপ। খারীক।

সামান্য ক্ষেত্রের নাম।

বপ্র। কেদার। ক্ষেত্র।

ক্ষেত্র সমূহের নাম।

কৈদারক। কৈদার্য্য। ক্ষৈত্র। কৈদারিক।

ঢেলা মৃত্তিকার নাম।

লোষ্ট্র। লেষ্টু।

ডেলা ভাঙ্গা ময়ের নাম।

কোটিশ। লেষ্টুভেদন।

পাঁচনি বাড়ির নাম।

প্রাজন। তোদন। তোত্র।

খন্তার নাম।

খনিত্র। অবদারণ।।

কাস্তের নাম।

দাত্র। লবিত্র।

লাঙ্গলের যুতি দড়ির নাম।

আবদ্ধ। যোক্ত্র। যোত্র।

লাঙ্গলের মুড়ার নাম।

ফল। নিরীশ। কূটক।

লাঙ্গলের ফালের নাম।

ফাল। কৃষিক।

লাঙ্গলের নাম।

লাঙ্গল। হল। গোদারণ। সীর।

জ্বালের খোঁটার নাম।

শম্যা। যুগকীলক।

লাঙ্গলের দণ্ডের নাম।

ঈষা। লাঙ্গলদণ্ড।

লাঙ্গলগতি খাতের নাম।

সীতা। লাঙ্গলপদ্ধতি।

মেই কাষ্ঠের নাম।

মেধি।

আশু ধান্যের নাম।

আশু। ব্রীহি। পাটল।

যবের নাম।

সিতশূক। যব।

হরিত বর্ণ যবের নাম।

তোক্মু।

ছোট মটর কলায়ের নাম।

কলায়। সতীলক। হরেণু। খণ্ডিক।

কোদো ধান্যের নাম।

কোরদূষ। কোদ্রব।

মসূর কলায়ের নাম।

মাঙ্গল্যক। মসূর।

বন মুগের নাম।

মুদ্গাষ্টক। মুকুষ্টক। অপষ্টক। বনমুদ্গ।

সর্ষপের নাম।

সর্ষপ। তন্তুভ। কদম্বক।

শ্বেত সর্ষার নাম।

সিদ্ধার্থ। শ্বেতসর্ষপ।

গমের নাম।

গোধূম। সুমন।

কুলত্থক কলায়ের নাম।

যাবক। কুল্মাষ।

ছোলার নাম।

চণক। হরিমন্থজ।

তিলের নাম।

তিল। তিলপেজ।

তিলের আগড়ার নাম।

তিলপিঞ্জ। নিষ্ফল।

ঝুনিরাই সর্ষার নাম।

ক্ষব। ক্ষুধাভিজনন। রাজিকা। কৃষ্ণিকা। আসুরী

কাঁয়ু ধান্যের নাম।

কঙ্গু। প্রিয়ঙ্গু।

সনের নাম।

মসিনার নাম ইতি কেচিৎ।

অতসী। উমা। ক্ষুমা।

ত্যাওড়া কলায়ের নাম।

মাতুলানী। ভঙ্গা।

চিনা ধান্যের নাম।

অনু।

শস্যের সূঙ্গার নাম।

কিংশারু। শস্যশূক।

শস্যের মঞ্জরীর নাম।

কণিশ। শস্যমঞ্জরী।

ধান্য সামান্যের নাম।

ধান্য। ব্রীহি। স্তম্বকরি।

তৃণাদির হালার নাম।

স্তম্ব।

শস্যের ডাটার নাম।

নাড়ী। নাল।

নিষ্ফল শস্যের ডাটার নাম।

পলাল।

শস্যের আগড়ার নাম।

কড়ঙ্গব। বুষ।

শষ্যের খোসার নাম।

তুষ।

তীক্ষ্ণাগ্র ধান্যের নাম।

শূক।

শস্যের শুটীর নাম।

শমী। শিম্বা।

রাশীকৃত ধান্যের নাম।

আবসিত।

আগড়া রহিত ধান্যের নাম।

পূত। বহুলীকৃত।

শুটীযুক্ত ধান্যের নাম।

মাষাদি।

সূঙ্গাযুক্ত ধান্যের নাম।

যবাদি।

ষষ্টিকাদি ধান্যের নাম।

শালি।

উড়িধান্যের নাম।

তৃণধান্য। নীবার।

গড়গড়ের নাম।

গবেড়ু। গবেধুকা।

ঢেঁকির মুষলের নাম।

অয়োগ্রু। মুষল।

গড়ের নাম।

উদূখল। উলূখল।

কুলার নাম।

প্রস্ফোটন। শূর্প।

চালনীর নাম।

চালনী। তিতউ।

ধান্যাদি স্থাপনার্থ গুণের নাম।

স্যূত। প্রসেব।

ধান্যাদি স্থাপনার্থ বংশাদিনির্ম্মিত ডোলের নাম।

কণ্ডোল। পিট।

দ্বারের আগড়ের নাম।

কট। কিলিঞ্জক।

রন্ধন গৃহের নাম।

রসবতী। পাকস্থান। মহানস।

পাক গৃহের অধ্যক্ষের নাম।

পৌরোগব।

পাচক ব্যক্তির নাম।

সূপকার। বল্লব। আরালিক। আন্ধসিক। সূদ। ঔদনিক। গুণ।

পিষ্টপাচক ব্যক্তির নাম।

আপূপিক। কান্দবিক। ভক্ষ্যকার।

উঠনের নাম।

অশ্মন্ত। মুদ্ধান। অধিশ্রয়ণী। চুল্লি। অন্তিকা।

অগ্নি রাখা পাত্রের নাম।

আঙ্গারধানিকা। অঙ্গারশকটী। হসন্তী। হসনী

জ্বলন্ত অঙ্গারের নাম।

অঙ্গার। অলাত। উল্মুক।

ভাজনা খোলার নাম।

অম্বরীষ। ভ্রাষ্ট্র।

লৌহময় কড়ার নাম।

কন্দু। স্বেদনী।

বড় ঘৃতাদি কলসির নাম।

আলিঞ্জর। মনিক।

ডাবরি কলসির নাম।

কর্করী। আলু। গলন্তিকা।

হাঁড়ির নাম।

পিঠর। স্থালী। উখা। কুণ্ড।

সামান্য কলসির নাম।

কলস। ঘট। কুট। নিপ।

শরার নাম।

শরাব। বর্দ্ধমানক।

পিষ্টক পাকপাত্রের নাম।

ঋজীষ। পিষ্টপচন।

কাঁসার ঘটির নাম।

কংস। পানভাজন।

চর্ম্ম নির্ম্মিত তৈলাদির কুপার নাম।

কুতূ। স্নেহপাত্র।

ক্ষুদ্র কুপার নাম।

কুতুপ।

সামান্য ভাণ্ডের নাম।

আবপন। ভাণ্ড। পাত্র। অমত্র। ভাজন।

লৌহনির্ম্মিত হাতার নাম।

দর্ব্বি। কম্বি। খজাকা।

কাষ্ঠের বাঁট লৌহের হাতার নাম।

তর্দ্দূ। দারুহস্তক।

শাক সামান্যের নাম।

শাক। হরিতক। শিগ্রু।

শাকের ডাটার নাম।

নাড়িকা। কড়ম্ব। কলম্ব।

সর্ষা ধন্যাদির বাটনা দেওয়া ব্যঞ্জনের নাম।

বেসবার। উপস্কর।

অম্ল ব্যঞ্জনের নাম।

তিন্তিড়ীক। চুক্র।

বৃক্ষাম্ল কেচিৎ তেঁতুল ইতি বদন্তি।

গোল মরিচের নাম।

বেল্লজ। মরিচ। কোলক। কৃষ্ণ। উষণ। ধর্ম্মপত্তন।

জীরার নাম।

জীরক। জরণ। অজাজী। কণা।

কাল জীরার নাম।

কৃষ্ণজীরক। সুষবী। কারবী। পৃথ্বী। পৃথু। কালা। উপকুঞ্চিকা।

আদার নাম।

আর্দ্রক। শৃঙ্গবের।

ধন্যার নাম।

ছত্রা। বিতুন্নক। কস্তুম্বুরু। ধন্যাক।

শুঁটের নাম।

শুণ্ঠী। মহৌষধ। বিশ্ব। নাগর। বিশ্বভেষজ।

কাঁজির নাম।

আরনালক। সৌবীর। কুল্মাস। অভিসুত। অবন্তিসোম। ধান্যাম্ল। কুঞ্জল। কাঞ্জিক।

হিঙের নাম।

সহস্রবেধি। জতুক। বাহ্লীক। হিঙ্গু। রামঠ।

হিঙের ক্ষুদ্র পত্রের নাম।

হিঙ্গুপত্রী। কাবরী। পৃথ্বী। বাহ্লীকা। কবরী। পৃথু।

হরিদ্রার নাম।

নিশাহ্বা। কাঞ্চনী। পীতা। হরিদ্রা। বরবর্ণিনী।

কড়কচের নাম।

অক্ষীব। বশির। সামুদ্রলবণ।

সৈন্ধবলবণের নাম।

সৈন্ধব। সীতশিব। মাণিমন্থ। সিন্ধুজ।

সাম্ভরী লবণের নাম।

রৌমক। বসুক।

বিট লবণের নাম।

পাক্য। বিড়। কৃতক।

সচ্ছল লবণের নাম।

সৌবর্চল। অক্ষ। রুচক।

কৃষ্ণবর্ণ সচ্ছল লবণের নাম।

তিলক। মেচক।

খাঁড়ের নাম।

মৎস্যণ্ডী। ফাণিত। খণ্ড। বিকার।

চিনির নাম।

শর্ক্করা। সিতা।

ক্ষীর বিকারের নাম।

কূর্চ্চিকা।

ক্ষীরের সহিত দ্রব্যান্তরের সংযোগের নাম।

রসালা।

সামান্য ব্যঞ্জনের নাম।

তেমন। নিষ্ঠান।

শূলদ্বারা সংস্কৃত ভক্ষ দ্রব্যের নাম।

শূলাকৃত। ভটিত্র। শূল্য।

স্থালীপক্ক সদ্ধান্ধ ব্যঞ্জনের নাম।

ঊষ্ম্য। পৈঠর।

সংস্কৃত ব্যঞ্জনের নাম।

ঔদস্বিত। ঔদস্বিতক।

পাকসমাপন ব্যঞ্জনের নাম।

প্রণীত। উপসন্নন্ন।

তৈলাদিসিক্ত দুব্যাদি সংস্কৃত ব্যঞ্জনের নাম।

প্রয়স্ত। সুসংস্কৃত।

ঘৃতাক্ত ব্যঞ্জনের নাম।

পিচ্ছিল। বিজিল।

কেশতুষাদি দূরীকরণদ্বারা শোধিত ব্যঞ্জনের নাম।

সংমৃষ্ট। শোধিত।

অগ্নিস্নিগ্ধ ব্যঞ্জনের নাম।

চিক্কণ। মসৃণ। স্নিগ্ধ।

বাসিত ব্যঞ্জনের নাম।

ভাবিত। বাসিত।

ঈষৎপক্ক ব্যঞ্জনের নাম।

আপক্ক। পৌলি। অভ্যূষ।

খৈয়ের নাম।

লাজ। অক্ষত।

চিড়ার নাম।

পৃথুক। চিপিটক।

ভাজা যবের নাম।

ধানা। ভৃষ্টযব।

পিষ্টকের নাম।

পূপ। অপূপ। পিষ্টক।

ভাজা যবচূর্ণের নাম।

শক্তু।

দধিমিশ্রিত শক্তুর নাম।

করম্ভ।

অন্নের নাম।

ভিস্‌সা। ভক্ত। অন্ধস্। অন্ন। ওদন। দীদিবি।

দগ্ধ অন্নের নাম।

ভিসিস্‌ট্টা। দগ্ধিকা।

দধি দুগ্ধাদির অগ্রু রসের নাম।

মণ্ড।

অন্নসমুদ্ভব মণ্ডের নাম।

মাসর। আচাম। নিস্রাব।

যাউর নাম।

যবাগূ। উষ্ণিকা। শ্রাণা। বিলেপিন্। তরলা।

গোসম্বন্ধি সমুদয় দ্রব্যের নাম।

গব্য।

গোময়ের নাম।

গোবিষ্। গোময়।

শুষ্ক গোময়ের নাম।

করীষ।

দুগ্ধের নাম।

দুগ্ধ। ক্ষীর। পয়স্।

দধি ঘৃতাদির নাম।

পয়স্য।

পাতলা দধির নাম।

ত্রপ্স্য।

ঘৃতের নাম।

ঘৃত। আজ্য। হবিস্। সর্পিস্।

নবনীর নাম।

নবনীত। নবোদ্ধৃত।

সদ্যোজাত ঘৃতের নাম।

হৈয়ঙ্গবীন।

ঘোলের নাম।

দণ্ডাহত। কালশেয়। অরিষ্ট। গোরস।

একপাদ জলদ্বারা মথিত দধির নাম।

তক্র।

অর্দ্ধেকজলদ্বারা মথিত দধির নাম।

উদশ্বিৎ।

জলরহিত ময়া দধির নাম।

মথিত।

দধিতে উদ্ভব মণ্ডের নাম।

মস্তু।

অভিনব দুগ্ধের নাম।

পেয়ূষ।

ক্ষুধার নাম।

অশনায়া। বুভুক্ষা। ক্ষুধ্।

গ্রাসের নাম।

গ্রাস। কবলার্থক।

সহিত পান করার নাম।

সপীতি। তুল্যপান।

সহিত ভোজনের নাম।

সঙ্ক্তি। সহভোজন।

তৃষ্ণার নাম।

উদন্যা। পিপাসা। তৃষ্। তর্ষ।

ভোজনের নাম।

জক্ষি। ভোজন। জেমন। লেপ। আহার। নিঘ
স। ন্যাদ।

তৃপ্তির নাম।

সৌহিত্য। তর্পণ। তৃপ্তি।

ভোজনাবশেষের নাম।

ফেলা।

কামনার নাম।

কাম। প্রকাম। পর্য্যাপ্ত। নিকাম। ইষ্ট। যথে
প্সিত।

গোয়ালার নাম।

গোপ। গোপাল। গোসংখ্য। গোদুহ। আভী
র। বল্লব।

গোমহিষাদি ধনের নাম।

যাদব।

গরুর স্বামির নাম।

গবীশ্বর। গোমৎ। গোমিন্।

গোসমূহের স্থানের নাম।

গোকুল। গোধন।

পূর্ব্বকালে গো সকলের তৃপ্তিকারক স্থানের নাম।

আশিতঙ্গবীন।

এঁড়ে গরুর নাম।

উক্ষন্। ভদ্রু। বলীবর্দ্দ। ঋষভ। বৃষভ। বৃষ। অনড়ুহ। সৌরভেয়। গো।

বৃষসমূহের নাম।

ঔক্ষক।

গোসমূহের নাম।

গব্যা। গোত্রা।

বৎসসমূহের নাম।

বাৎসক।

ধেনুসমূহের নাম।

ধৈনুক।

বড় বলবান্ বৃষের নাম।

মহোক্ষ।

বৃদ্ধ বৃষের নাম।

জরদ্গব। বৃদ্ধোক্ষ।

অভিনবজাত বৃষের নাম।

জাতোক্ষ।

সদ্যোজাত বৃষের নাম।

তর্ণক।

বৎসমাত্রের নাম।

শকৃৎকরি। বৎস।

দমনযোগ্য বৎসের নাম।

দম্য। বৎসতর।

দামড়া গরুর নাম।

আর্ষভ্য।

গোসমূহের মধ্যে প্রধান পুংগোর নাম।

ষণ্ড। গোপতি। ইট্চর।

গরুর স্কন্ধ প্রদেশের নাম।

বহ। স্কন্ধপ্রদেশ।

গোর গল কম্বলের নাম।

সাস্না। গলকম্বল।

নাকফোড়া গরুর নাম।

নস্তিত। নস্যোত।

অভ্যাস নিমিত্ত রজ্জুবদ্ধ ভ্রাম্যমাণ গোর নাম।

প্রষ্ঠবাহ। যুগপার্শ্বগ।

বিদাবয়া গোর নাম।

যুগ্য।

ঘানিবয়া গোর নাম।

প্রাসঙ্গ্য।

গাড়িবয়া গোর নাম।

শাকট।

হেলে গরুর নাম।

হালিক। সৈরিক।

রথাদি ভারবহন ক্ষম গোর নাম।

ধুর্ব্বহ। ধুর্য্য। ধৌরেয়। ধুরীণ। ধুরন্ধর।

এক পিঠা এক ভারবহন যোগ্য গোর নাম।

একধুরীণ। একধুর। একধুরাবহ।

দুপিঠা গোর নাম।

সর্ব্বধুরীণ। সর্ব্বধুরাবহ।

স্ত্রীগোর নাম।

মাহেয়ী। সৌরভেয়ী। গো। উস্রা। মাতা। শৃঙ্গী
ণী। অর্জ্জুনী। অঘ্ন্যা। রোহিণী।

সুলক্ষণাক্রান্তা স্ত্রীগোর নাম।

উত্তমা। নৈচিকী।

শবলবর্ণ গোর নাম।

শবলী।

শুক্লবর্ণ স্ত্রীগোর নাম।

ধবলী।

শ্যামবর্ণ স্ত্রীগোর নাম।

শ্যামলী।

দুই বৎসরের গোর নাম

দ্বিহায়নী। দ্বিবর্ষা।

এক বৎসরের গোর নাম।

একাব্দা। একহায়নী।

বন্ধ্যা গোর নাম।

বশা। বন্ধ্যা।

দৈবাৎ গর্ভস্রাবযুক্তা গোর নাম।

অবতোকা। সুবদ্ধগর্ভা।

বৃষভকর্তৃক আক্রান্তা ঋতুমতী গোর নাম।

সন্ধিনী।

গর্ভঘাতিনী স্ত্রী গোর নাম।

বেহৎ। গর্ভোপঘাতিনী।

প্রথম গর্ভবতী গোর নাম।

কাল্যা। উপসর্য্যা।

অল্প বয়েসেতে প্রথম গর্ভিণী গোর নাম।

প্রষ্ঠৌহী। বালগর্ভিণী।

বন্ধন করিয়া দোহনযোগ্যা গোর নাম।

অচণ্ডী। সুকরা।

বহুপ্রসবা গোর নাম।

বহুসূতি। পরেষ্টুকা।

চিরপ্রসূতা গোর নাম।

চিরসূতা। বন্ধ্যয়নী।

নবপ্রসূতা গোর নাম।

ধেনু। নবসূতিকা।

সুখেতে দোহন যোগ্যা গোর নাম।

সুব্রতা। সুখসন্দোহ্যা।

স্থূল স্তনযুক্তা গোর নাম।

পীনোধ্নী। পীবরস্তনী।

দ্রোণপরিমিত দুগ্ধদায়িনী গোর নাম।

দ্রোণক্ষীরা। দ্রোণদুঘা।

বন্ধক স্থিত গোর নাম।

ধেনুষ্যা।

প্রতিবর্ষ প্রসূতি গোর নাম।

সমাৎসমীনা।

গোর মোড়ের নাম।

উধস্। আপীন।

খোঁটার নাম।

শিবক। কীলক।

দড়ির নাম।

দাম্ন্। সংদান।

গোছাঁদন দড়ির নাম।

পশুরজ্জু। দামনী।

মন্থান দণ্ডের নাম।

বৈশাখ। মন্থ্। মন্থান। মথিন্। মন্থদণ্ডক।

মন্থন নিমিত্তক দণ্ডের নাম।

কুঠার। দণ্ডবিস্কম্ভ।

ঘোল মওয়া হাঁড়ির নাম।

মন্থনী। গর্গরী।

উটের নাম।

উষ্ট্র। ক্রমেলক। ময়। মহাঙ্গ।

উটের ছানার নাম।

করভ।

কাষ্ঠস্তম্ভে পাদবন্ধন রজ্জুযুক্ত উটের ছানার নাম।

শৃঙ্খলক।

ছাগলের স্ত্রীর নাম।

অজা। ছাগী।

ছাগলের নাম।

স্তভ। ছাগ। বস্ত। ছগলক। অজ।

গাড়রের নাম।

মেঢ্রু। উরভ্রু। উরণ। উর্ণায়ু। মেষ। বৃষ্ণি। এড়ক।

ক্রমেতে উট ও গাড়র ও ছাগলসমূহের নাম।

ঔষ্ট্রক। ঔরভ্রুক। আজক।

গাধার নাম।

চক্রীবৎ। বালেয়। রাসভ। গর্দ্দভ। খর।

গন্ধবণিকের নাম।

বৈদেহক। সার্থবাহ। নৈগম। বণিজ। বণিজ্ পণ্যাজীব। আপণিক। ক্রয়বিক্রয়িক।

দ্রব্য বিক্রয়কর্ত্তার নাম।

বিক্রেতৃ। বিক্রয়িক।

দ্রব্য বিক্রয়দ্বারা জীবনোপায় ব্যক্তির নাম।

ক্রায়ক। ক্রয়িক।

ব্যবসায় কর্ম্মের নাম।

বাণিজ্য। বণিজ্যা।

দ্রব্যের মূল্যের নাম।

মূল্য। বস্ন। অবক্রয়।

মূল ধনের নাম। অর্থাৎ পুঁজীর নাম।

নীবী। পরিপণ। মূলধন।

মূল ধনহইতে অধিক ধনের নাম।

লাভ।

পরিবর্ত্ত অর্থাৎ বদলের নাম।

প্রতিদান। পরীবর্ত্ত। নৈমেয়। নিয়ম।

স্থাপ্য ধনের নাম।

উপনিধি। ন্যাস।

স্থাপ্যধন সমর্পণের নাম।

প্রতিদান।

বিক্রয় নিমিত্ত দ্রব্য সাজানর নাম।

ক্রয্য।

ক্রয়যোগ্য বস্তুর নাম।

ক্রেয়।

বিক্রয় যোগ্য বস্তুর নাম।

বিক্রেয়। পণিতব্য। পণ্য।

দ্রব্যাদি কেনার বায়নার নাম।

সত্যাপণ। সত্য॰ৎকার। সত্যাকৃতি।

বিক্রয় ক্রিয়ার নাম।

বিপণ। বিক্রয়।

দশ সংখ্যার নাম।

দশন্।

কুড়ি সংখ্যার নাম।

বিংশতি।

ত্রিশ সংখ্যার নাম।

ত্রিংশৎ।

চল্লিশ সংখ্যার নাম।

চত্বারিংশৎ।

পঞ্চাশের নাম।

পঞ্চাশৎ।

ষাটি সংখ্যার নাম।

ষষ্টি।

সত্তর সংখ্যার নাম।

সপ্ততি।

আশী সংখ্যার নাম।

অশীতি।

নব্বই সংখ্যার নাম।

নবতি।

একশ সংখ্যার নাম।

শত।

দশশত সংখ্যার নাম।

সহস্র।

দশ সহস্র সংখ্যার নাম।

অযুত।

দশ অযুত সংখ্যার নাম।

লক্ষ।

দশ লক্ষ সংখ্যার নাম।

নিযুত।

দশ নিযুতের নাম।

কোটি।

দশ কোটি সংখ্যার নাম।

অর্ব্বুদ।

দশ অর্ব্বুদ সংখ্যার নাম।

বৃন্দ।

দশ বৃন্দ সংখ্যার নাম।

খর্ব্ব।

দশ খর্ব্ব সংখ্যার নাম।

নিখর্ব্ব।

দশ নিখর্ব্ব সংখ্যার নাম।

শঙ্খ।

দশ শঙ্খ সংখ্যার নাম।

পদ্ম।

দশ পদ্ম সংখ্যার নাম।

সাগর।

দশ সাগর সংখ্যার নাম।

অন্ত্য।

দশ অন্ত্য সংখ্যার নাম।

মধ্য।

দশ মধ্য সংখ্যার নাম।

পরার্দ্ধ।

সামান্য পরিমাণের নাম।

যৌতব। দ্রুবয়। পায্য।

তুলাপরিমাণ এবং অঙ্গুলিপরিমাণ এবং প্রস্থাদিপরিমাণের নাম।

মান।

পাঁচ গুঞ্জার নাম।

আদ্যমাষক।

ষোলমাষা পরিমাণের নাম।

অর্থাৎ তোলাইতি।

অক্ষ। কর্ষ।

চারি তোলার নাম।

পল।

আশীরত্তি সোণার নাম।

সুবর্ণ। বিস্ত।

চারি তোলা স্বর্ণের নাম।

কুরুবিস্ত।

চারি শত তোলা পরিমাণের নাম।

তুলা।

কুড়ি তুলা পরিমাণের নাম।

ভার।

দশ ভার পরিমাণের নাম।

আচিত।

ষোড়শ পণের নাম।

কার্ষাপণ। কার্ষিক।

এক তোলা তাঁবার নাম।

পণ।

প্রত্যেক পরিমাণের নাম।

আঢ়ক। দ্রোণ। খারী। বাহ্। নিকুঞ্চক। কুড়ব।

প্রস্থ।

চারি ভাগের এক ভাগের নাম।

পাদ।

ভাগের নাম।

অংশ। ভাগ। বণ্টক।

ধনমাত্রের নাম।

দ্রব্য। বিত্ত। স্বাপতেয়। রিক্থ। ঋক্থ। ধন। বসু।

হিরণ্য। দ্রুবিণ। দ্যুম্ন। অর্থ। রৈ। বিভব।

পিণ্ডীকৃত স্বর্ণরূপ্যের নাম।

কোষ। হিরণ্য।

স্বর্ণরূপ্যভিন্ন তৈজসের নাম।

কূপ্য।

আহত অর্থাৎ পিণ্ডীকৃত স্বর্ণরূপ্যের নাম।

রূপ্য।

মরকত মণির নাম।

গারুত্মত। মরকত। অশ্মগর্ভ। হরিন্মণি।

পদ্মরাগ মণির নাম।

শোণরত্ন। লোহিতক। পদ্মরাগ।

মুক্তার নাম।

মৌক্তিক। মুক্তা।

প্রবালের নাম।

বিদ্রুম। প্রবাল।

মণি সামান্যের নাম।

রত্ন। মণি।

স্বর্ণের নাম।

স্বর্ণ। সুবর্ণ। কনক। হিরণ্য। হেমন্। হাটক। তপনীয়। শাতকুম্ভ। গাঙ্গেয়। ভর্ম্মন্। কর্ব্বুর। চামীকর। জাতরূপ। মহারজত। কাঞ্চন। রুক্মু। কার্ত্তস্বর। জাম্বূনদ। অষ্টাপদ।

অলঙ্কারজন্য স্বর্ণের নাম।

অলঙ্কারসুবর্ণ। শৃঙ্গীকনক।

রূপার নাম।

দুর্ব্বর্ণ। রজত। রূপ্য। খর্জ্জুর। শ্বেত।

পিত্তলের নাম।

রীতি। আরকূট।

তাঁবার নাম।

তাম্রক। শুল্ব। ম্লেচ্ছমুখ। দ্ব্যষ্ট। বরিষ্ঠ। উড়ুম্বর।

লৌহের নাম।

লৌহ। শস্ত্রক। তীক্ষ্ণ। পিণ্ড। কালায়স। অয়স্। অশ্মসার।

লৌহের বিষ্ঠার নাম।

মণ্ডূর। শিঞ্জান। সিংহান।

সকল ধাতু দ্রব্যের নাম।

লৌহ।

লৌহের বিকারের নাম।

কুশী।

কাঁচের নাম।

ক্ষার। কাচ।

পারার নাম।

চপল। রস। সূত। পারদ।

মহিষ শৃঙ্গের নাম।

গবল।

অভ্রের নাম।

অভ্রক। গিরিজ। অমল।

কৃষ্ণবর্ণ পাতরের নাম।

স্রোতোঞ্জন। সৌবীর। কাপোতাঞ্জন। যামুন।

চক্ষুর অঞ্জন বিশেষের নাম।

ত্তথাঞ্জন। শিখিগ্রীব। বিতুন্নক। ময়ূরক।

দারু হরিদ্রার ক্বাথোদ্ভব অঞ্জন বিশেষের নাম।

কর্পরী। দার্ব্বিকা।

কৃষ্ণবর্ণ অঞ্জনের নাম।

রসাঞ্জন। রসগর্ভ। তার্ক্ষ্যশৈল।

গন্ধকের নাম।

গন্ধাশ্মন্। গন্ধক। সৌগন্ধিক।

কুলত্থাকার অঞ্জনের নাম।

চক্ষুষ্য। কুলালী। কুলত্থিকা।

পিতলের মালার নাম।

রীতিপুষ্প। পুষ্পকেতু। পৌষ্পক। কুসুমাঞ্জন।

হরিতালের নাম।

পিঞ্জর। পীতল। তাল। আল। হরিতালক।

গেরির নাম।

গৈরেয়। অর্থ্য। গিরিজ। অশ্মজ। শিলাজতু।

গন্ধরসের নাম।

বোল। গন্ধরস। প্রাণ। পিণ্ড। গোস। শশ।

সমুদ্রফেণার নাম।

হিণ্ডীর। অব্ধিকফ। ফেণ।

সিন্দূরের নাম।

সিন্দূর। নাগসম্ভব।

সীসার নাম।

নাগ। সীসক। যোগেষ্ট। বদ্ধু। ত্রপু। পিচ্চট।

রাঙ্গের নাম।

রঙ্গ। বঙ্গ।

কার্পাসাদিতূলার নাম।

পিচু। তূল।

কুসুমফুলের নাম।

কমলোত্তর। কুসুম্ভ। বহ্নিশিখ। মহারজন।

মেষলোমের নাম।

মেষকম্বল। ঊর্ণায়ু।

শশারুর লোমের নাম।

শশোর্ণ। শশলোমন্।

মধুর নাম।

মধু। ক্ষৌদ্র। মাক্ষিক।

মোমের নাম।

মধূচ্ছিষ্ট। সিক্থক।

মনঃ শিলার নাম।

কুলটী। মনোজ্ঞা। নাগজিহ্বিকা।

নেপাল দেশোদ্ভব শিলাজতুর নাম।

নৈপালী। গোলা।

যব ক্ষারের নাম।

যবক্ষার। যবাগুজ। পাক্য।

সাঁচিক্ষারের নাম অর্থাৎ সাজি মাটির নাম।

সর্জিকাক্ষার। কাপোত। সুখবর্চ্চক। সৌবর্চ্চল। রুচক।

বংশলোচনের নাম।

ত্বক্ক্ষীরা। বংশলোচনা।

শজিনাবীচির নাম।

শিগ্রুজ। শ্বেতমরিচ।

ইক্ষুমূলের নাম।

মোরট। ঐক্ষব।

পিপুলমূলের নাম।

গ্রন্থিক। পিপ্পলীমূল। চটিকাশিরস্।

বাবরি বচের নাম।

গোলোমিন্। ভূতকেশ।

রক্তচন্দনতুল্য গন্ধ দ্রব্যের নাম।
পত্রাঙ্গ। রক্তচন্দন।
সুট্‌পিপুল মরিচ মিলিতের নাম।
ত্রিকটু। ক্রষণ। ব্যোষ।
হরীতকী আমলকী বিভীতকী এই তিনের নাম।
ত্রিফলা।

ইতি বৈশ্যবর্গঃ।

শূদ্রবর্গঃ।

শূদ্রের নাম।
শূদ্র। অবরবর্ণ বৃষল। জঘন্যজ।
বৈদ্যের নাম।
অম্বষ্ঠ।
কায়স্থের নাম।
করণ। লিপিবৃত্তিক।
বৈশ্যহইতে শূদ্রার গর্ভজাত ব্যক্তির নাম।
করণ।
ব্রাহ্মণহইতে বৈশ্যার গর্ভজাত ব্যক্তির নাম।
অম্বষ্ঠ।

ক্ষত্রিয়হইতে শূদ্রীর গর্ভজাত ব্যক্তির নাম।
উগ্র।
বৈশ্যহইতে ক্ষত্রিয়ার গর্ভজাত ব্যক্তির নাম।
মাগধ।
ক্ষত্রিয়হইতে বৈশ্যার গর্ভজাত ব্যক্তির নাম।
মাহেষ্য।
শূদ্রহইতে বৈশ্যার গর্ভজাত ব্যক্তির নাম।
ক্ষত্তৃ।
ক্ষত্রিয়হইতে ব্রাহ্মণীর গর্ভজাত ব্যক্তির নাম।
সূত।
বৈশ্যহইতে ব্রাহ্মণীর গর্ভজাত ব্যক্তির নাম।
বৈদেহক।
মাহেষ্যহইতে কায়স্থ স্ত্রী গর্ভজাত ব্যক্তির নাম।
রথকার।
শূদ্রহইতে ব্রাহ্মণী গর্ভজাত ব্যক্তির নাম।
চণ্ডাল।

শিল্পকারকের নাম।

কারু। শিল্পিন্।

শিল্পকারকসমূহের নাম।

শ্রেণি।

উত্তমকুলোদ্ভব ব্যক্তির নাম।

কুলিক। কুলশ্রেষ্ঠিন্।

মালাকারের নাম।

মালাকার। মালিক।

কুমোরের নাম।

কুম্ভকার। কুলাল।

দেবাদিনির্ম্মাণকারকের নাম।

পলগণ্ড। লেপক

তাঁতির নাম।

তন্ত্রবায়। কুবিন্দ।

দর্জ্জির নাম।

তুন্নবায়। সৌচিক।

চিত্রকরের নাম।

রঙ্গাজীব। চিত্রকর।

অস্ত্রনির্ম্মলকারকের নাম।

শস্ত্রমার্জ্জ। অসিধাবক।

মুচির নাম।

পাদূকৃৎ। চর্ম্মকার।

কামারের নাম।

ব্যোকার। লোহকারক।

স্যাকরার নাম।

নাড়ীন্ধম। স্বর্ণকার। কলাদ। রুক্মকারক।

শাঁকারির নাম।

শাঙ্খিক। কাম্বুবিক।

কাসারির নাম।

শৌল্বিক। তাম্রকুট্টক।

ছুতরের নাম।

তক্ষন্। বর্দ্ধকি। ত্বষ্টৃ। রথকার। কাষ্টতক্ষন্।

অনেক ব্যক্তির অধীন ছুতরের নাম।

গ্রামাধীন। গ্রামতক্ষ।

অধীনভিন্ন ছুতরের নাম।

কৌটতক্ষ। অনধীন।

নাপিতের নাম।

ক্ষুরিন্। মুণ্ডিন্। দিবাকীর্ত্তিন্। নাপিত। অন্তাব সায়িন্।

ধোপার নাম।

নির্ণেজক। রজক।

শুঁড়ির নাম।

শৌণ্ডিক। মণ্ডহারক।

ছাগল প্রতিপালকের নাম।

জাবাল। অজাজীব।

দেবতা স্থাপন করিয়া জীবনোপায় করে যে তার নাম।

দেবাজীব। দেবল।

ঐন্দ্রজালিক মায়াবিদ্যার নাম।

মায়া। শাম্বরী।

বাজিকরের নাম।

মায়াকার। প্রাতিহারিক।

নেটোর নাম।

শৈলালিন্। শৈলূষ। জায়াজীব। কৃশাশ্বিন্। ভরত। নট।

নেটোবিশেষের নাম।

চারণ। কুশীলব।

মৃদঙ্গ বাদ্যকরের নাম।

মার্দ্দঙ্গিক। মৌরজিক।

কেবল হস্তদ্বারা বাদ্যবাদকের নাম।

পাণিবাদ। পাণিঘ।

বংশীবাদ্যকরের নাম।

বেণুধ্মু। বৈণবিক।

বীণা বাদ্যকরের নাম।

বীণাবাদ। বৈণিক।

পাখিমারার নাম।

জীবান্তক। শাকুনিক।

জালদ্বারা মৃগাদিহন্তার নাম।

বাগুরিক। জালিক।

পশু পক্ষি আদি হনন করিয়া মাংসজীবি ব্যক্তির নাম।

বৈতংসিক। মাংসিক। কৌটিক।

বেতনোপজীবি কর্ম্মকারকের নাম।

ভৃতক। ভৃতিভুজ্। কর্ম্মকর। বৈতনিক।

বার্ত্তাবাহকের নাম।

বার্ত্তাবহ। বৈবধিক।

ভারবাহকের নাম।

ভারবাহ। ভারিক।

নীচের নাম।

বিবর্ণ। পামর। নীচ। প্রাকৃত। পৃথগ্‌জন। নিহীন। উপসদ। জাল্ম। ক্ষুল্লক। ইতর।

ভৃত্যের নাম।

ভৃত্য। দাসের। দাসেয়। দাস। গোপ্যক। চেটক। নিযোজ্য। কিঙ্কর। প্রৈষ্য। ভুজিষ্য। পরিচারক।

পরের দ্বারা প্রতিপালিত ব্যক্তির নাম।

পরাচিত। পরিস্কন্দ। পরজাত। পরৈধিত।

আলস্যযুক্ত পুরুষের নাম।

মন্দ। তুন্দপরিমৃজ। আলস্য। শীতক। অলস। অনুষ্ণ।

চতুর ব্যক্তির নাম।

দক্ষ। চতুর। পেশল। পটু। সূথান। উষ্ণ।

চণ্ডালের নাম।

চণ্ডাল। প্লব। মাতঙ্গ। দিবাকীর্ত্তি। জনঙ্গম। নিষাদ। শ্বপচ। অন্তেবাসিন্। চাণ্ডাল। পুক্কশ।

চণ্ডাল বিশেষের নাম।

কিরাত। শবর। পুলিন্দ। এই তিন ম্লেচ্ছ শব্দ বাচ্য।

ব্যাধের নাম।

ব্যাধ। মৃগবধাজীব। মৃগয়ু। লুব্ধক।

কুক্কুরের নাম।

কৌলেয়ক। সারমেয়। কুক্কুর। মৃগদংশক। শুনক। ভষক। শ্বন্।

প্রেরিত কুক্কুরের নাম।

অলর্ক। যোগিত।

মৃগয়াকুশল কুক্কুরের নাম।

বিশ্বকর্দ্ধ। মৃগয়াকুশল।

কুক্কুরপত্নীর নাম।

সরমা। শুনী।

গ্রাম্য শূকরের নাম।

বিটচর। গ্রাম্যশূকর।

শিশুপশুমাত্রের নাম।

বর্কর।

মৃগয়ার নাম।

আচ্ছোদন। মৃগব্য। আখেট। মৃগয়া।

দক্ষিণাঙ্গে ব্রণযুক্ত মৃগের নাম।

দক্ষিণারুস্। দক্ষিণের্ম্মন্।

চোরের নাম।

চৌর। একাগারিক। স্তেন। দস্যু। তস্কর। মোষক। প্রতিরোধিন্। পরাস্কন্দিন্। পাটচ্চর। মলিম্লুচ।

চৌর্য্য কর্ম্মের নাম।

চৌরিক। স্তৈন্য। চৌর্য্য। স্তেয়।

চুরি করা ধনের নাম।

লোপ্তু।

মৃগ পক্ষ্যাদির বন্ধননিমিত্ত পাশাদির নাম।

বীতংস।

আমিষ দগ্ধ করিয়া মৃগপক্ষির বন্ধননিমিত্ত
সন্ধান যন্ত্রের নাম ।

উন্মাথ। কূটযন্ত্র।
মৃগবন্ধননিমিত্ত জালবিশেষের নাম।

বাগুরা। মৃগবন্ধনী।
দড়ির নাম।

শুল্ব। বরাটক। রজ্জু। বটী। গুণ।
কূপহইতে জলোদ্ধারণনিমিত্তক রজ্জুসহিত
ঘটাদির নাম।

উদ্‌ঘাটন। ঘটীযন্ত্র।
বস্ত্রাদি বোনা দণ্ডের নাম।

বেমন্। বাপদণ্ড।
কাপড় বোনা সূতার নাম।

সূত্র। নরি। তন্তু।
বস্ত্রাদি বুঁনন ক্রিয়ার নাম।

বাণি। ব্যূতি।
লেপনাদি কর্ম্মের নাম।

পুস্ত।
বস্ত্রদন্তাদিদ্বারা সজ্জীকৃত পুতুলের নাম।

পাঞ্চালিকা।
ঝাঁপির নাম।

পিটক। পেটক।
প্যাটারার নাম।

পেড়া। মঞ্জূষা।

ভার বওয়া বাঁকের নাম।
বিহঙ্গিকা। ভারযষ্টি।
ভারের শিকার নাম।
শিক্য। তদালম্বি। কাচ।
পাদুকার নাম।
পাদুকা। পাদূ। উপানহ্।
মোজার নাম।
অনুপদীনা। পদায়তা।
চামের দড়ির নাম।
বধ্রী। নদ্ধ্রী। বরত্রা।
ঘোটকাদি তাড়নার্থ চাবুকের নাম।
কশা।
চাঙ্গারির নাম।
চাণ্ডালিকা। কণ্ডোলবীণা। চণ্ডালবল্লকী।
তরাজুর নাম।
নারাচী। এষণিকা।
অস্ত্রাদি শানাবার শানের নাম।
শান। নিকষ। কষ।
লৌহ স্বর্ণাদি ছেদনার্থ ছেয়ানির নাম।
বৃশ্চন। পত্রপরশু।
চিত্রকরের তূলীর নাম।
ঈষিকা। তূলিকা।
স্বর্ণাদি আবর্ত্তন নিমিত্ত মুচির নাম।
তৈজসাবর্ত্তনী। মূষা।

স্বর্ণকারাদির জাঁতার নাম।

ভস্ত্রা। চর্ম্মপ্রসেবিকা।

মণি শঙ্খাদির ছিদ্র কারণ ভোমরের নাম।

আস্ফোটনী। বেধনিকা।

কাটারির নাম।

কৃপাণী। কর্ত্তরী।

বাঁটালির নাম।

বৃক্ষাদন। বৃক্ষভেদিন্।

পাষাণভেদক অস্ত্রের নাম।

টঙ্ক। পাষাণদারণ।

করাতের নাম।

ক্রকচ। করপত্র।

মুচির চর্ম্মভেদক অস্ত্রের নাম।

আরা। চর্ম্মপ্রভেদিকা।

কামারাদির লৌহনির্ম্মিত নেইর নাম।

শূর্ম্মী। স্থূণা। লোহপ্রতিমা।

স্বর্ণকারাদির কর্ম্মের নাম।

শিল্প। কলাদিক।

মৃত্তিকাদিনির্ম্মিত মূর্ত্তিসদৃশের নাম।

প্রতিমান। প্রতিবিম্ব। প্রতিমা। প্রতিযাতনা। প্রতিচ্ছায়া। প্রতিকৃতি। অর্চ্চা। প্রতিনিধি।

উপমার নাম।

উপমান। উপমা।

সদৃশের নাম।

সম। তুল্য। সদৃশ। সদৃক্ষ। সদৃক্। সাধারণ। সমান। নিভ।

শঙ্কাশ। নীকাশ। প্রতিকাশ। উপমাদি।

এই সকল শব্দ যে পদের উত্তরে থাকিবে সেই পদের সদৃশবোধক হইবে।

বেতনের নাম।

কর্ম্মণ্যা। বিধা। ভৃত্যা। ভৃতি। ভর্ম্মন্। বেতন। ভরণ্য। ভরণ। মূল্য নির্ব্বেশ। পণ।

মদিরার নাম।

সুরা। হলিপ্রিয়া। হালা। পরিশ্রুৎ। বরুণাত্মজা। গন্ধোত্তমা। প্রসন্না। ইরা। কাদম্বরী। পরিশ্রুতা। মদিরা। কশ্য। মদ্য।

মদ্যপানানন্তর রুচিক দ্রব্য ভক্ষণের নাম।

অবদংশ। ভক্ষণ।

মদ্যপান স্থানের নাম।

শুণ্ডাপান। মদস্থান।

পুনঃ পুনঃ মধুপানবিশিষ্ট ব্যক্তির নাম।

মধুবার। মধুক্রম।

পুষ্প মদিরার নাম।

মধ্বাসব। মাধবক। মধু। মাধ্বীক।

মদের গোড়ার নাম।

মৈরেয়। আসব। শীধু। মেদক। জগল।

মদ্য সন্ধানের নাম।

সন্ধান। অভিষব।

মদ্যঘটকীভূতদ্রব্য বা খড়ের নাম।

ক্লিন্ন। নগ্নহূ।

সুরার অগ্রভাগের নাম।

কারোত্তর। সুরামণ্ড।

অনেকে মিলিত হইয়া যেস্থানে মদ্য পান করে সেই স্থানের নাম।

আপান। পানগোষ্ঠিকা।

মদ্যপান পাত্রের নাম।

চষক। পানপাত্র। সরক। অনুতর্ষণ।

পাশক্রীড়াকারক জোচোরের নাম।

ধূর্ত্ত। অক্ষদেবিন্। কিতব। অক্ষধূর্ত্ত। দ্যূতকৃৎ।

জামিনের নাম।

লগ্নক। প্রতিভু। সভিক। দ্যূতকারক।

দ্যূতক্রীড়ার পণের নাম।

দ্যূত। অক্ষবতী। কৈতব। পণ।

পাশক্রীড়ানিমিত্ত রজতাদি স্থাপনের নাম।

গ্রহ।

পার্ষ্ণির নাম।

অক্ষ। দেবনা। পাশক।

পাশক্রীড়ার ঘুটি চালার নাম।

পরিণায়।

চৌপাড়ে চালের নাম।

অষ্টাপদ। শারিফল।

মেষাদি যুদ্ধরূপ দ্যূত ক্রীড়ার নাম।

প্রাণিদ্যূত।

ইতিশূদ্রবর্গঃ।

অথ প্রাণিবর্গঃ।

পুণ্যবানের নাম।

সুকৃতিন্। পুণ্যবৎ। ধন্য।

মহাশয়ের নাম।

মহেচ্ছ। মহাশয়।

সচ্চিত্ত ব্যক্তির নাম।

হৃদয়ালু। সুহৃদয়।

উদ্যোগের নাম।

মহোৎসাহ। মহোদ্যম।

কর্ম্মকুশল ব্যক্তির নাম।

প্রবীণ। নিপুণ। অভিজ্ঞ। বিজ্ঞ। নিষ্ণাত। শিক্ষিত। বৈজ্ঞানিক। কৃতমুখ। কৃতিন্। কুশল।

পূজনীয়ের নাম।

পূজ্য। প্রতীক্ষ।

সংশয়যুক্তের নাম।

সাংশয়িক। সংশয়াপন্নমানস।

দক্ষিণাযোগ্যের নাম।

দক্ষিণীয়। দক্ষিণার্হ। দাক্ষিণ্য।

বহুধনদাতার নাম।

বদান্য। স্থূললক্ষ্য। দানশৌণ্ড। বহুপ্রদ।

দীর্ঘায়ুর নাম।

জৈবাতৃক। আয়ুষ্মৎ।

শাস্ত্রবেত্তার নাম।

অন্তর্ব্বাণি। শাস্ত্রবিৎ।

নিরূপণকর্ত্তার নাম।

পরীক্ষক। কারণিক।

বরদাতার নাম।

বরদ। সমর্দ্ধক।

হৃষ্টমানস ব্যক্তির নাম।

হর্ষমাণ। বিকুর্ব্বাণ। প্রমনস্। হৃষ্টমানস।

বিমর্ষ ব্যক্তির নাম।

দুর্মনস্। বিমনস্। অন্তর্ম্মনস্।

উৎকণ্ঠিত মনস্ ব্যক্তির নাম।

উৎক। উন্মনস্।

উদার স্বভাব ব্যক্তির নাম।

দক্ষিণ। সরল। উদার।

দাতাভোক্তা ব্যক্তির নাম।

সুকল। দাতৃভোক্তৃ।

কার্য্যাসক্ত ব্যক্তির নাম।

তৎপর। প্রসিত। আসক্ত।

অভিলাষনিমিত্ত কৃত উদ্যমের নাম।

উৎসুক। ইষ্টার্থোদ্‌যুক্ত।

বিখ্যাতের নাম।

প্রতীত। প্রথিত। খ্যাত। বিত্ত। বিজ্ঞাত। বিশ্রুত।

বিদ্যাদিদ্বারা খ্যাত ব্যক্তির নাম।

কৃতলক্ষণ। আহিতলক্ষণ।

ধনি ব্যক্তির নাম।

ইভ্য। আঢ্য। ধনিন্।

স্বামির নাম।

স্বামিন্। ঈশ্বর। পতি। ঈশিতৃ। অধিভূ। নায়ক। নেতৃ। প্রভু। পরিবৃঢ়। অধিপ।

অত্যন্ত সম্পত্তিযুক্ত ব্যক্তির নাম।

অধিকর্দ্ধি। সমৃদ্ধ।

কুটুম্বকার্য্যাসক্ত ব্যক্তির নাম।

কুটুম্বব্যাপৃত। অভ্যাগারিক। উপাধি।

বিশিষ্ট শরীর সৌন্দর্য্য ব্যক্তির নাম।

সিংহসংহনন। বরাঙ্গরূপোপেত।

সত্ত্বগুণ সম্পত্তিদ্বারা যুদ্ধাদিকার্য্যকর্ত্তার নাম।

নির্বার্য্য।

বোবার নাম।

অবাচ্। মূক।

পিতৃতুল্য ব্যক্তির নাম।

মনোজবস্। পিতৃসন্নিভ।

পূজাপূর্ব্বক অলঙ্কৃতা কন্যাদাতার নাম।

কুকুদ।

লক্ষ্মীযুক্ত ব্যক্তির নাম।

লক্ষ্মীবৎ। লক্ষ্মণ। শ্রীল। শ্রীমৎ।

স্নেহবিশিষ্টের নাম।

স্নিগ্ধ। বৎসল।

দয়াযুক্ত ব্যক্তির নাম।

দয়ালু। কারুণিক। কৃপাল। ঘৃণ।

স্বাধীন ব্যক্তির নাম।

স্বতন্ত্র। অপাবৃত। স্বৈরিন্। স্বচ্ছন্দ। নিরবগ্রহ।

পরাধীন ব্যক্তির নাম।

পরতন্ত্র। পরাধীন। পরবৎ। নাথবৎ। অধীন।

নিঘ্ন। আয়ত্ত। অস্বচ্ছন্দ। গৃহ্যক।

সম্মার্জ্জনক্রিয়াকারি ব্যক্তির নাম।

খলপূ। বহুকর।

বিলম্বেতে কার্য্যকারি ব্যক্তির নাম।

দীর্ঘসূত্র। চিরক্রিয়।

অবিচার্য্য কার্য্যকর্ত্তার নাম।

জাল্ম। অসমীক্ষকারিন্।

সর্ব্ব ক্রিয়াতে মন্দ ব্যক্তির নাম।

কুণ্ঠ।

কর্ম্মক্ষম ব্যক্তির নাম।

কর্ম্মক্ষম। অল°ৎকর্ম্মিন্।

সকল কর্ম্মেতে উদ্যোগি ব্যক্তির নাম।

ক্রিয়াবৎ। কর্ম্মসূদ্যত।

কর্ম্মশীল ব্যক্তির নাম।

কার্ম্ম। কর্ম্মশীল।

কর্ম্মেতে নিপুণ ব্যক্তির নাম।

কর্ম্মশূর। কর্ম্মঠ।

বেতন লইয়া কর্ম্মকর্ত্তার নাম।

ভরণ্যভুজ্। কর্ম্মকর।

বেতনবিনা কর্ম্মকর্ত্তার নাম।

কর্ম্মকার। তৎক্রিয়।

মৃতব্যক্তিকে উদ্দেশ করিয়া স্নানকর্ত্তার নাম

অপস্নাত। মৃতস্নাত।

আমিষভোক্তার নাম।

আমিষাশিন্। শৌষ্কল।

ক্ষুধিত ব্যক্তির নাম।

বুভুক্ষিত। ক্ষুধিত। জিঘৎসু। অশনায়িত।

পরান্নোপজীবির নাম।

পরান্ন। পরপিণ্ডাদ।

ভোজনশীল ব্যক্তির নাম।

ভক্ষক। ঘস্মর। অদ্মর।

উদরমাত্র পরিপোষক ব্যক্তির নাম।

আদ্যূন। ঔদরিক।

স্বকীয়মাত্র উদরপরিপোষকের নাম।

আত্মম্ভরি। কুক্ষিম্ভরি। স্বোদরপূরক।

সকলবর্ণের অন্নভোজনশীল ব্যক্তির নাম।

সর্ব্বান্নিন্। সর্ব্বান্নভোজিন্।

অর্থাকাঙ্ক্ষিব্যক্তির নাম।

গৃধ্নু। গর্দ্ধন। লুব্ধ। অভিলাষুক। তৃষ্ণুজ্।

অতিলোভি ব্যক্তির নাম।

লোলুপ। লোলুভ।

উন্মাদযুক্তের নাম।

উন্মদ। উন্মদিষ্ণু।

উদ্ধত ব্যক্তির নাম।

অবিনীত। সমুদ্ধত।

মদ্যপানাদি মত্তের নাম।

মত্ত। শৌণ্ড। উৎকট। ক্ষীব।

কামুক ব্যক্তির নাম।

কামুক। কমিতৃ। অনুক। কম্যু। কাময়িতৃ। অভীক। কমন। কামন। অভিক।

বাক্য প্রতিপালনকর ব্যক্তির নাম।

বিধেয়। বিনয়গ্রাহিন্। বচনেস্থিত। আশ্রব।

বশীভূত ব্যক্তির নাম।

বশ্য। প্রণেয়।

বিনয়কর্ত্তার নাম।

নিভৃত। বিনীত। প্রশ্রিত।

লজ্জারহিত ব্যক্তির নাম।

ধৃষ্ট। ধৃষ্টজ। বিযাত।

প্রতিভাযুক্ত ব্যক্তির নাম।

প্রগল্ভ। প্রতিভান্বিত।

লজ্জাযুক্ত ব্যক্তির নাম।

অধৃষ্ট। শালীন।

বিস্ময়যুক্তের নাম।

বিলক্ষ। বিস্ময়ান্বিত।

অধৈর্য্যযুক্ত ব্যক্তির নাম।

অধীর। কাতর।

ভয়যুক্ত ব্যক্তির নাম।

ত্রস্নু। ভীরু। ভীরুক। ভীলুক।

আশীর্ব্বাদকারি ব্যক্তির নাম।

আশংসু। আশংশিতৃ।

গ্রহণশীল ব্যক্তির নাম।

গৃহয়ালু। গ্রহীতৃ।

শ্রদ্ধাযুক্তের নাম।

শ্রদ্ধালু।

পতনশীলের নাম।

পতয়ালু। পাতুক।

লজ্জাশীল ব্যক্তির নাম।

লজ্জাশীল। অপত্রপিষ্ণু।

পাদগ্রহণপূর্ব্ব প্রণামশীল ব্যক্তির নাম।

বন্দারু। অভিবাদক।

হিংসাশীল ব্যক্তির নাম।

শরারু। ঘাতুক। হিংসু।

বৃদ্ধিশীল ব্যক্তির নাম।

বর্দ্ধিষ্ণু। বর্দ্ধন।

ঊর্দ্ধপতনশীল ব্যক্তির নাম।

উৎপতিষ্ণু। উৎপতিতৃ।

অলঙ্করণশীল ব্যক্তির নাম।

অলঙ্করিষ্ণু। মণ্ডন।

সাধুভবনশীল ব্যক্তির নাম।

ভূষ্ণু। ভবিষ্ণু। ভবিতৃ।

সাধুবৃত্তিশীল ব্যক্তির নাম।

বর্ত্তিষ্ণু। বর্ত্তন।

নিরাকরণশীল ব্যক্তির নাম।

নিরাকরিষ্ণু। ক্ষিপ্নু।

নিবীড় স্নিগ্ধের নাম।

সান্দ্রস্নিগ্ধ। মেদুর।

জ্ঞানকর্ত্তার নাম।

জ্ঞাতৃ। বিদুর। বিন্দু।

প্রকাশশীল ব্যক্তির নাম।

বিকাসিন্। বিকস্বর।

বিসরশীল ব্যক্তির নাম।

বিসৃত্বর। বিসৃমর। প্রসারিন্। বিসারিন।

সহনশীল ব্যক্তির নাম।

সহিষ্ণু। সহন। ক্ষন্তৃ।

ক্ষমাশীল ব্যক্তির নাম।

তিতিক্ষু। ক্ষমিতৃ। ক্ষমিন।

ক্রোধশীল ব্যক্তির নাম।

ক্রোধন। অমর্ষণ। কোপিন্।

অত্যন্ত ক্রোধযুক্ত ব্যক্তির নাম।

চণ্ড। অতিকোপন।

জাগরণশীল ব্যক্তির নাম।

জাগরূক। জাগরিতৃ।

নিদ্রাদিদ্বারা ঘূর্ণিত ব্যক্তির নাম।

ঘূর্ণিত। প্রচলায়িত।

নিদ্রাশীল ব্যক্তির নাম।

স্বপ্নজ্। শয়ালু। নিদ্রালু।

নিদ্রাগত ব্যক্তির নাম।

নিদ্রাণ। শয়িত।

সর্ব্বকর্ম্মেতে বিমুখ ব্যক্তির নাম।

পরাঙ্মুখ। পরাচীন।

সর্ব্বকর্ম্মেতে অধোমুখ ব্যাক্তির নাম।

অবাক্। অধোমুখ।

দেবপূজক ব্যক্তির নাম।

দেবদ্যুঙ্।

সর্ব্বত্র গমনকারি ব্যক্তির নাম।

বিষ্বদ্যুঙ্।

সহিত গমন কর্ত্তার নাম।

সধ্যুঙ্।

লুক্কায়িত গমন কর্ত্তার নাম।

তির্য্যঙ।

বক্তার নাম।

বদ। বদাবদ। বক্তৃ।

স্ববুদ্ধিদ্বারা বাক্য রচনাকর্ত্তার নাম।

বাগীশ। বাক্‌পতি।

বাক্‌পটুতাব্যক্তির নাম।

বাচোযুক্তিপটু। বাগ্মিন্।

অতিশয় বক্তার নাম।

বাবদূক। বক্তৃ।

বহুগর্হ বাক্যযুক্ত ব্যক্তির নাম।

জল্পাক। বাচাট। বাচাল। বহুগর্হবাচ্।

অপ্রিয় বক্তার নাম।

দুর্মুখ। মুখর। অবদ্ধমুখ।

প্রিয়বক্তার নাম।

শক্কু। প্রিয়ম্বদ।

অপ্রকাশিত বাক্য বক্তার নাম।

লোহল। অস্ফুটবাচ্।

কুৎসিত বাক্যবক্তার নাম।

গর্হবাদিন্। কদ্বদ।

পরের পরীবাদবক্তার নাম।

কুবাদ। কুচর।

রুক্ষস্বর ব্যক্তির নাম।

অসৌম্যস্বর। অস্বর।

শব্দযুক্ত ব্যক্তির নাম।

রবণ। শব্দন।

মঙ্গলযুক্ত স্তুতিবাদক ব্যক্তির নাম।

নান্দীবাদিন্। নান্দীকর।

জড় ব্যক্তির নাম।

জড়। অজ্ঞ।

কহিতে শুনিতে অক্ষম ব্যক্তির নাম।

এড়মূক।

মৌন ব্যক্তির নাম।

তূষ্ণীংশীল। তূষ্ণীক।

বিবস্ত্র ব্যক্তির নাম।

নগ্ন। অবাসস্। দিগম্বর।

বহিষ্কৃত ব্যক্তির নাম।

নিষ্কাসিত। অবকৃষ্ট।

কৃতধিক্কার ব্যক্তির নাম।

অবধ্বস্ত। ধিক্কৃত।

অহঙ্কারযুক্ত ব্যক্তির নাম।

আত্তগর্ব্ব। অভিভূত।

সাধিত ব্যক্তির নাম।

দাপিত। সাধিত।

নিরস্ত ব্যক্তির নাম।

প্রত্যাদিষ্ট। নিরস্ত।

নিরাকৃত ব্যক্তির নাম।

প্রত্যাখ্যাত। নিরাকৃত।

তিরস্কৃত ব্যক্তির নাম।

নিকৃত। বিপ্রকৃত।

বঞ্চিত ব্যক্তির নাম।

বিপ্রলব্ধ। বঞ্চিত।

হত ব্যক্তির নাম।

মনোহত। প্রতিহত। প্রতিবদ্ধ। হত।

কৃত নিন্দিত ব্যক্তির নাম।

অধিক্ষিপ্ত। প্রতিক্ষিপ্ত।

বদ্ধ ব্যক্তির নাম।

বদ্ধ। কীলিত। সংযত।

আপদ্গত ব্যক্তির নাম।

আপন্ন। আপৎপ্রাপ্ত।

যুদ্ধহইতে ভয়েতে পলায়িত ব্যক্তির নাম।

কান্দিশীক। ভয়দ্রুত।

মিথ্যাবাক্যদ্বারা দূষিত ব্যক্তির নাম।

আক্ষারিত। ক্ষারিত। অভিশস্ত।

অস্থির ব্যক্তির নাম।

সঙ্কসুক। অস্থির।

কামক্রোধাদিপীড়িত ব্যক্তির নাম।

ব্যসনার্ত্ত। উপরক্ত।

ব্যাকুল ব্যক্তির নাম।

বিহস্ত। ব্যাকুল।

ভয়াদিদ্বারা বিহ্বল ব্যক্তির নাম।

বিক্লব। বিহ্বল।

দুষ্টবুদ্ধি ব্যক্তির নাম।

বিবশ। অরিষ্টদুষ্টধী।

বেত্রাঘাতযোগ্য ব্যক্তির নাম।

কশ্য। কশার্হ।

কৃত সন্নাহ বধোদ্যত ব্যক্তির নাম।

আততায়িন্।

দ্বেষ্য ব্যক্তির নাম।

দ্বেষ্য। অক্ষিগত।

বধ্য ব্যক্তির নাম।

বধ্য। শীর্ষচ্ছেদ্য।

বিষের দ্বারা বধ্য ব্যক্তির নাম।

বিষ্য।

মুষলদ্বারা বধ্য ব্যক্তির নাম।

মুষল্য।

মলিনকর্ম্মকারি ব্যক্তির নাম।

শিশ্বিদান। কৃষ্ণকর্ম্মন্।

চঞ্চল ব্যক্তির নাম।

চপল। চিকুর।

গুণপরিত্যাগ করিয়া দোষগ্রাহি ব্যক্তির নাম।

দোষৈকদৃক্। পুরোভাগিন্।

বাঁকা আশয় ব্যক্তির নাম।

নিকৃত। অনৃজু। শঠ।

খলের নাম।

কর্ণেজপ। সূচক। পিশুন। দুর্জ্জন। খল।

ক্রূর ব্যক্তির নাম।

নৃশংস। ঘাতুক। ক্রূর। পাপ।

বঞ্চক ব্যক্তির নাম।

ধূর্ত্ত। বঞ্চক।

মূর্খ ব্যক্তির নাম।

অজ্ঞ। মূঢ়। যথাযাত। মূর্খ। বৈধেয়। বালিশ।

কৃপণ ব্যক্তির নাম।

কদর্য্য। কৃপণ। ক্ষুদ্র। কিম্পচান। মিতম্পচ।

দরিদ্রের নাম।

নিঃস্ব। দুর্ব্বিধ। দীন। দরিদ্র। দুর্গত।

যাচক ব্যক্তির নাম।

বনীয়ক। যাচনক। মার্গণ। যাচক। অর্থিন্।

অহঙ্কারবিদ্যমান ব্যক্তির নাম।

অহংযু। অহঙ্কারবৎ।

শুভযুক্ত ব্যক্তির নাম।

শুভংযু। শুভান্বিত।

সমুদয় দেবতার নাম।

দিব্যোপপাদুক।

মনুষ্য গবাদির নাম।

জরায়ুজ।

কৃমি ভাঁশ মাচি আদির নাম।

স্বেদজ।

পক্ষিসর্পআদির নাম।

অণ্ডজ।

ইতিপ্রাণিবর্গঃ।

বিশেষ্যনিঘ্নবর্গঃ।

বৃক্ষ এবং লতাদির নাম।

উদ্ভিদ্। উদ্ভিজ্। উদ্ভিদ।

সুন্দর রূপের নাম।

সুন্দর। রুচির। চারু। সুষম। সাধু। শোভন। কান্ত। মনোহর। মনোরম। রুচ্য। মনোজ্ঞ। মঞ্জু। মঞ্জুল।

অনন্ত তৃপ্তির নাম।

অসেচনক।

অভীষ্টের নাম।

অভীষ্ট। অভীপ্সিত। হৃদ্য। দয়িত। বল্লভ। প্রিয়।

নিকৃষ্টের নাম।

নিকৃষ্ট। প্রতিকৃষ্ট। অর্ব্বন্। রেফ। যাপ্য। অবম। অধম। কুপূয়। কুৎসিত। অবদ্য। খেট। গর্হ্য। অণক।

মলিনের নাম।

মলীমস। মলিন। কচ্চর। মলদূষিত।

পবিত্রের নাম।

পূত। পবিত্র। মেধ্য।

নির্ম্মলের নাম।

বীধু। বিমলার্থক।

প্রক্ষালনাদিদ্বারা শোধিত দ্রব্যের নাম।

নির্ণিক্ত। শোধিত। মৃষ্ট। নিঃশোধ্য। অনবস্কর।

নিঃসারের নাম।

অসার। ফল্গু।

গুণাদিশূন্য বস্তুর নাম।

শূন্য। বশিক। তুচ্ছ। ঋক্তক।

প্রধানের নাম।

প্রধান। প্রমুখ। প্রবেক। অনুত্তম। উত্তম। মুখ্য বর্য্য। বরেণ্য। প্রবর্হ। অনরার্দ্ধ্য। পরার্দ্ধ্য। অগ্র। প্রাগ্রহর। প্রাগ্র্য। অগ্র্য। অগ্রীয়। অগ্রিয়।

অতিশোভন বস্তুর নাম।

শ্রেয়স্। শ্রেষ্ঠ। পুষ্কল। সত্তম। অতিশোভন। ব্যাঘ্র। পুঙ্গব। ঋষভ। কুঞ্জর। সিংহ। শার্দূল। নাগ। ইত্যাদি শব্দ উত্তর পদে বর্ত্তমান হইলে শ্রেষ্ঠ বাচক হয়েন।

অপ্রধানের নাম।

অপ্রধান। অপ্রাগ্র্য। উপসর্জ্জন।

বড়র নাম।

বিশঙ্কট। পৃথু। বৃহৎ। বিশাল। পৃথুল। মহৎ। বড্ডু। উরু। বিপুল।

স্থূল অর্থাৎ মোটার নাম।

পীন। পীবন্। স্থূলপীবর।

অল্পের নাম।

স্তোক। অল্প। ক্ষুল্লক। সূক্ষ্ম। শষ্প। দভ্র। কৃশ। তনু। মাত্রা। ক্রটিন্। লব। লেশ। কণ। অনু।

প্রচুর অর্থাৎবহুর নাম।

প্রভূত। প্রচুর। প্রাজ্য। অদভ্র। বহুল। বহু। পুরুহ। পুরু। ভূয়িষ্ঠ। স্ফির। ভূয়স্। ভূরি।

একশতাদিসংখ্যার অধিক সংখ্যার নাম।

পরঃশত। পরঃসহস্র। পরোলক্ষ। ইত্যাদি।

গণনাযোগ্যের নাম।

গণেয়। গণনীয়।

কৃত গণনার নাম।

সংখ্যাত। গণিত।

সকলের নাম।

সর্ব্ব। বিশ্ব। অশেষ। কৃৎস্ন। সমস্ত। নিখিল। অখিল। নিঃশেষ। সমগ্র। সকল। পূর্ণ। অখণ্ড। অনূনক।

ঘনর নাম।

ঘন। নিরন্তর। সান্দ্র।

বিরলের নাম।

পেলব। বিরল। তনু।

নিকটের নাম।

সমীপ। নিকট। আসন্ন। সন্নিকৃষ্ট। সনীড়। সদে

শ। অভ্যাস। সবিধ। সমর্য্যাদ। সবেশ। উপকণ্ঠ।
অন্তিক। অভ্যর্ণ। অভ্যগ্রু। অভিতস্।

অব্যবহিত যুক্তের নাম।

সংসক্ত। অব্যবহিত। অপদান্তর।

অত্যন্ত নিকটের নাম।

নেদিষ্ঠ। অন্তিকতম।

দূরের নাম।

দূর। বিপ্রকৃষ্টক।

অত্যন্ত দূরের নাম।

দবীয়স্। দবিষ্ঠ। সুদূর।

দীর্ঘের নাম।

দীর্ঘ। আয়ত।

বর্ত্তুল অর্থাৎ বাঁটুলের নাম।

বর্ত্তুল। নিস্তুল। বৃত্ত।

স্বভাবতো উন্নত এবং ঈষৎ উন্নতের নাম।

বন্ধুর।

উচ্চের নাম।

উচ্চ। প্রাঙ্শু। উন্নত। উদগ্র। উচ্ছ্রিত। তুঙ্গ।

বামনের নাম।

ন্যচ্। নীচ। খর্ব্ব। হ্রস্ব।

অবনতর নাম।

অবাগ্র। অবনত। আনত।

কুটিলের নাম।

অরাল। বৃজিন। জিহ্ম। ঊর্ম্মিমৎ। কুঞ্চিত। নত।
আবিদ্ধ। কুটিল। ভুগ্ন। বেল্লিত। বক্র।

সরল অর্থাৎ সোজার নাম।

ঋজু। অজিহ্ম। প্রগুণ।

আকুলের নাম।

ব্যস্ত। অপ্রগুণ। আকুল।

নিত্যের নাম।

শাশ্বত। ধ্রুব। নিত্য। সদাতন। সনাতন।

স্থিরতরের নাম।

স্থায়ু। স্থিরতর। স্থেয়স্।
একরূপদ্বারা অনেক কালব্যাপি পুরুষের নাম।
কালব্যাপিন্। কূটস্থ।

পর্ব্বতাদির নাম।

স্থাবর। জঙ্গমেতর।

মনুষ্যাদির নাম।

চরিষ্ণু। জঙ্গম। চর। এস। ইঙ্গ। চরাচর।

চঞ্চলের নাম।

চলন। কম্পন। কম্প্র। চল। লোল। চলাচল। চঞ্চল। তরল। পারিপ্লব। পরিপ্লব।

অধিকের নাম।

অতিরিক্ত। সমধিক।

নিশ্ছিদ্র কাষ্ঠাদির নাম।

দৃঢ়সন্ধি। সংহত।

কঠিনের নাম।

কর্কশ। কঠিন। ক্রূর। কঠোর। নিষ্ঠুর। দৃঢ়। জঠর। জরঠ।

মূর্ত্তিযুক্তের নাম।

মূর্ত্তিমৎ। মূর্ত্ত।

বর্দ্ধিত বস্তুর নাম।

প্রবৃদ্ধ। প্রৌঢ়। এধিত।

পুরাতনের নাম।

পুরাণ। অতন। প্রত্ন। পুরাতন। চিরন্তন।

নূতনের নাম।

প্রত্যগ্র। অভিনব। নব্য। নূতন। নব। নূত্ন। নবীন।

কোমলের নাম।

সুকুমার। কোমল। মৃদুল। মৃদু।

পশ্চাৎগামি ব্যক্তির নাম।

অন্বচ্। অন্বঞ্চ। অনুগ। অনুপদ।

প্রত্যক্ষের নাম।

প্রত্যক্ষ। ঐন্দ্রিয়ক।

অপ্রত্যক্ষের নাম।

অপ্রত্যক্ষ। অতীন্দ্রিয়।

একমনের নাম।

একতান। অনন্যবৃত্তি। একাগ্র। একায়ন। একসর্গ। একাগ্র। একায়নগত।

আদির নাম।

আদি। পূর্ব্ব। পৌরস্ত্য। প্রথম। আদ্য।

অন্তের নাম।

অন্ত। জঘন্য। চরম। অন্ত্য। পাশ্চাত্য। পশ্চিম।

নিরর্থকের নাম।

মোঘ। নিরর্থক।

স্পষ্টের নাম।

স্পষ্ট। স্ফুট। প্রব্যক্ত। উন্বন।

সাধারণের নাম।

সাধারণ। সামান্য।

একাকির নাম।

একাকিন্। এক। একক।

ভিন্নার্থের নাম।

অন্যতর। এক। ভিন্নার্থক। স্ব। অন্য। ইতর।

অনেক প্রকারের নাম।

উচ্চাবচ। নৈকভেদ।

অবিলম্বের নাম।

